জ্ঞানকোষ-১

সোনামণি

একটি আদর্শ জাতীয় শিশু-কিশোর সংগঠন

এসো হে সোনামণি !
রাসূলুল□াহ (ছাঃ)-এর আদর্শে জীবন গড়ি।

প্রকাশনায় : কেন্দ্রীয় পরিচালনা পরিষদ
কেন্দ্রীয় কার্যালয় : আল-মারকাযুল ইসলামী আস-সালাফী
(৩য় তলা), নওদাপাড়া (আমচত্বর মোড়), পোঃ সপুরা,
রাজশাহী। মোবাইল : ০১৭১৫-৭১৫১৪৩

প্রথম প্রকাশ : ফেব্রুয়ারী ২০০১ ইং

দ্বিতীয় মুদ্রণ : অক্টোবর ২০০৪ ইং

তৃতীয় মুদ্রণ : ফেব্রুয়ারী ২০১১ ইং

কম্পোজ : সোনামণি কম্পিউটার।

মুদ্রণে : দি বেঙ্গল প্রেস, রাণীবাজার, রাজশাহী।
ফোন : (০৭২১) ৭৭৪৬১২।

নির্ধারিত মূল্য : ২০ (বিশ) টাকা মাত্র।

GANKOSH : Published by Sonamoni Central Committee. Head Office : Al-Markazul Islami As-salafi (2nd floor).Nawdapara, P.O. Sapura, Rajshahi. Mobile : 01715-715143.

সূচীপত্র

বই মানুষের জ্ঞান চক্ষু খুলে দেয়,
নিজে পড়ুন এবং অন্যকে উপহার দিন।

বাণী

নাহমাদুহূ ওয়া নুছাল্লী 'আলা রাসূলিহিল কারীম। আম্মা বা'দঃ

'সোনামণি' শিশু-কিশোর সংগঠন হাঁটি হাঁটি পা পা করে ইতিমধ্যে গ্রামে ও শহরে যথেষ্ট সাড়া জাগাতে সক্ষম হয়েছে। এ বছর তারা 'সোনামণি' ক্যাসেট বের করার প্রস্তুতি নিয়েছে এবং এবারেই তারা সর্বপ্রথম তাদের কর্মতৎপরতার লৈখিক ছাপ রাখতে যাচ্ছে। তাদের সংকলিত 'জ্ঞানকোষ-১' এ তৎপরতারই প্রথম সাহসী পদক্ষেপ। আমি তাদের অগ্রযাত্রাকে স্বাগত জানাই এবং দো'আ করি যেন আল্লাহ পাক আমাদের সোনামণিদেরকে তাঁর দ্বীনের সত্যিকারের মুজাহিদ হিসাবে কবুল করে নেন এবং আগামী দিনের সমাজ বিপ্লবের অগ্রসেনা হিসাবে যথাযোগ্য ভূমিকা রাখার তাওফীক্ব দান করেন। আমীন!

প্রফেসর ড. মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব
প্রধান পৃষ্ঠপোষক
'সোনামণি'।

বাণী

নাহমাদুহূ ওয়া নুছাল্লী 'আলা রাসূলিহিল কারীম। আম্মা বা'দঃ

বাংলাদেশ তথা সারা পৃথিবীর মুসলিম জাতি আজ গতানুগতিকতা, আদর্শহীনতা, পাশ্চাত্যের অন্ধ অনুকরণ ও অপসংস্কৃতির সয়লাবে ভেসে গেছে। তারই মধ্যে প্রবল উজানের স্রোত ঠেলে ছিন্ন পাতায় সাজানো তরণীর মত নিজেদের পরিচিতি, জীবনাদর্শ, আক্বীদা-আমল, ইতিহাস-ঐতিহ্যকে সমুন্নত রাখার কঠিন সফরে নেমেছে 'সোনামণি' সংগঠন। যদিও এ কাজ দুরূহ ও মাঝি-মাল্লারা অনভিজ্ঞ, তবুও পাড়ি জমিয়েছে উত্তাল মহাসাগরে। এদেশের হাযার হাযার **সোনামণি** তথা শিশু-কিশোর, নবীন ও তরুণদের মাঝে ইসলামী চেতনা সৃষ্টি, মেধা ও মননশীলতার প্রখরতা বৃদ্ধির লক্ষ্যে 'সোনামণি' সংগঠনের অগ্রযাত্রার মাইল ফলক হিসাবে প্রথমবারের মত আকর্ষণীয় 'সোনামণি জ্ঞানকোষ-১' প্রকাশ করতে পেরে আল্লাহ্‌র সমীপে আমরা গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

হে আল্লাহ! তুমি আমাদের প্রাণপ্রিয় সোনামণিদের ও তাদের সকল দায়িত্বশীলের মেধাবৃদ্ধি ও চরিত্র সুন্দর করার তাওফীক্ব দাও! আমীন!!

মুহাম্মাদ আযীযুর রহমান
১ম কেন্দ্রীয় পরিচালক
'সোনামণি'

১. কোন্ নবীর মা ও আব্বা ছিলেন না?
উত্তর : হযরত আদম (আলাইহিস সালাম)-এর।
২. কোন্ ছালাতে রুকূ-সিজদা নেই?
উত্তর : জানাযার ছালাতে।
৩. কোন্ ছালাতের প্রতি রাক'আতে বসতে হয়?
উত্তর : মাগরিব ও ফজরের ছালাতে (এক রাক'আত না পেলে)।
৪. কোন্ ছালাতে আযান ও এক্বামত নেই?
উত্তর : ঈদের ছালাতে ও জানাযার ছালাতে।
৫. আমাদের নবী (ছাল্লাল্লা-হু আলাইহে ওয়া সাল্লাম)-এর কোন্ স্ত্রীর জানাযা হয়নি?
উত্তর : হযরত খাদীজা (রাঃ)-এর।
৬. আমাদের নবী (ছাঃ)-এর জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ দু'টি ঘটনা যা প্রথমে নারী জাতি জেনেছিল, ঘটনা দু'টি কি কি?
উত্তর : একটি নবুঅত, অন্যটি মে'রাজ। (প্রথমটি খাদীজা ও দ্বিতীয়টি উম্মে হানী)
৭. শেষ নবী (ছাঃ)-এর তৈরী প্রথম ও দ্বিতীয় মসজিদ দু'টির নাম কি এবং কোথায় অবস্থিত?
উত্তর : প্রথমটি মসজিদে ক্বোবা (ক্বোবা শহরে)। দ্বিতীয়টি মসজিদে নববী (মদীনা শহরে)।
৮. হিজরী সনের প্রবর্তক কে? কখন থেকে হিজরী সন গণনা করা হয়?
উত্তর : হযরত ওমর (রাঃ)। রাসূলুল্লাহ (ছাঃ)-এর হিজরতের সময়কাল থেকে।
৯. 'বায়তুল মা'মূর' কি এবং কোথায় অবস্থিত?
উত্তর : ফেরেশতাদের ইবাদতখানা। সপ্তম আসমানে।
১০. কোন্ পর্বতের কোন্ গুহায় শেষ নবী (ছাঃ)-এর নিকট প্রথম অহি (কুরআন) অবতীর্ণ হয়?
উত্তর : 'হেরা' নামক পাহাড়ের গুহায় প্রথম অহি অবতীর্ণ হয়।
১১. রাসূল (ছাঃ) এর পিতা-মাতা, দাদা-দাদী ও নানা-নানীর নাম কি ছিল ও তাঁরাা কোন বংশের মানুষ ছিলেন?
উত্তর : রাসূল (ছাঃ)-এর পিতার নাম আব্দুল্লাহ, মাতার নাম আমেনা, দাদার নাম আব্দুল মুত্ত্বালিব, দাদীর নাম ফাতেমা; নানার নাম ওয়াহাব ও নানীর নাম ছিল বার্রাহ। দাদা ছিলেন কুরায়েশ বংশের হাশেমী গোত্রের এবং নানা ছিলেন কুরায়েশ বংশের যোহরা গোত্রের।

১২. উম্মাহাতুল মুমিনীন কারা? তাঁরা কতজন ছিলেন?
উত্তর : রাসূল (ছাঃ)-এর স্ত্রীদেরকে উম্মাহাতুল মুমিনীন (অর্থাৎ উম্মতের মাতাগণ) বলা হয়। উম্মাহাতুল মুমিনীন-এর সংখ্যা ছিল ১১ জন। তাঁরা হ'লেন :
(১) খাদীজা বিনতে খুওয়াইলিদ (২) সাওদা বিনতে যাম'আহ্।(৩) আয়েশা বিনতে আবুবকর (৪) হাফছাহ বিনতে ওমর (৫) যায়নাব বিনতে খুযায়মাহ (৬) যায়নাব বিনতে জাহ্শ (৭) জুওয়াইরিয়াহ বিনতে হারিছ (৮) উম্মে সালামাহ বিনতে আবী উমাইয়াহ (৯) উম্মে হাবীবাহ বিনতে আবু সুফিয়ান (১০) ছাফিয়াহ বিনতে হুয়াই বিন আখত্বাব (১১) মায়মূনা বিনতুল হারিছ।
১৩. রাসূল (ছাঃ)-এর জীবদ্দশায় কতজন স্ত্রী মৃত্যুবরণ করেন এবং তাঁদের নাম কি?
উত্তর : দুইজন। (১) খাদীজা (রাঃ) ও (২) যায়নাব বিনতে খুযায়মাহ (রাঃ)।
১৪. রাসূলুল্লাহ (ছাঃ)-এর স্ত্রীদের মধ্যে একজন মাত্র কুমারী ছিলেন, তার নাম কি? কত বৎসর বয়সে রাসূলুল্লাহ (ছাঃ)-এর সঙ্গে তার বিবাহ হয়?
উত্তর : আয়েশা (রাঃ), ৯ বৎসর বয়সে।
১৫. চার খলীফার মধ্যে কোন্ দুইজন রাসূলুল্লাহ (ছাঃ)-এর শ্বশুর এবং কোন্ দুইজন জামাতা ছিলেন?
উত্তর : প্রথম দুইজন শ্বশুর আবুবকর ও ওমর (রাঃ) এবং শেষের দুইজন জামাতা ছিলেন ওছমান ও আলী (রাঃ)]।
১৬. রাসূলুল্লাহ (ছাঃ)-এর স্ত্রীদের মধ্যে কতজন কুরায়শী ছিলেন এবং কতজন আরবের অন্যান্য গোত্রের ছিলেন?
উত্তর : ৬ জন কুরায়শী এবং ৪ জন অন্যান্য গোত্রের ছিলেন।
১৭. মহানবী (ছাঃ)-এর একজন মাত্র অনারব ইয়াহুদী গোত্রের স্ত্রী ছিলেন, তাঁর নাম কী?
উত্তর : ছাফিয়াহ্ বিনতে হুয়াই বিন আখত্বাব।
১৮. রাসূল (ছাঃ)-এর স্ত্রীদের মধ্যে দুইজনের মর্যাদা সর্বাধিক, তাঁদের নাম কী?
উত্তর : খাদীজা ও আয়েশা (রাঃ)।
১৯. নবী (ছাঃ)-এর সঙ্গে খাদীজার বিবাহের প্রস্তাব দেন এক মহিলা, তার নাম কী?
উত্তর : নাফীসা বিনতে মুনাব্বিহ (খাদীজা (রাঃ)-এর বান্ধবী)।
২০. রাসূল (ছাঃ) খাদীজা (রাঃ)-এর সঙ্গে বিবাহের সময় মোহরানা স্বরূপ কি দিয়েছিলেন?
উত্তর : ২০ টি উট।
২১. কোন্ দিন বছরের সকল দিন অপেক্ষা শ্রেষ্ঠ? কোন্ দিনে ছওম পালন করলে পূর্ববর্তী ও পরবর্তী এক বছরের গুনাহের কাফফারা হয়ে যায়?
উত্তর : ৯ই জিলহজ্জ। আরাফার দিন অর্থাৎ হজ্জের দিন।

২২. সপ্তাহের কোন্ দুই দিন রাসূলুল্লাহ (ছাঃ) ছিয়াম পালন পসন্দ করতেন এবং কেন করতেন?
উত্তর : সোমবার ও বৃহস্পতিবার। বান্দার আমলনামা আল্লাহ্র নিকট পেশ করা হয় সেকারণে।
২৩. একদিন নফল ছিয়াম পালনকারী থেকে আল্লাহ জাহান্নামকে কতদূর সরিয়ে রাখেন?
উত্তর : ৭০ বছরের পথ।
২৪. রামাযান হিজরী সনের কত নং মাস? রামাযানের পরে কোন্ মাসে কয়টি ছিয়াম পালন করলে সারা বছর ছিয়াম পালনের ছওয়াব পাওয়া যায়?
উত্তর : ৯ম মাস। পরবর্তী শাওয়াল মাসে ৬ টি ছিয়াম।
২৫. জান্নাতের দরজা কয়টি? ছিয়াম পালনকারীর জান্নাতে প্রবেশের জন্য নির্ধারিত দরজাটির নাম কি?
উত্তর : ৮ টি। রাইয়ান।
২৬. পবিত্র কুরআনের কোন্ আয়াতে আল্লাহ স্বীয় রাসূল (ছাঃ)-কে শেষ নবী ঘোষণা দিয়েছেন?
উত্তর : সূরা আহযাব ৪০ নং আয়াত।
২৭. মুসলিম জাতির পিতা কে? পবিত্র কুরআনের কোন্ আয়াতে এর বর্ণনা আছে?
উত্তর : ইবরাহীম (আঃ)। সূরা হজ্জ ৭৮ নং আয়াতে।
২৮. আল্লাহ্র নিকটে মাসের সংখ্যা কত? পবিত্র কুরআনের কোন আয়াতে এর প্রমাণ আছে?
উত্তর : ১২ টি। সূরা তওবা ৩৬ নং আয়াত।
২৯. রামাযান ও ছিয়াম শব্দ কুরআনে কতবার এসেছে? আরবী ১২ মাসের মধ্যে কোন্ মাসটির নাম কুরআনে এসেছে? এবং কোন্ সূরার কত নং আয়াতে এসেছে?
উত্তর : রামাযান ১ স্থানে এবং ছিয়াম শব্দ ১০ স্থানে এসেছে। রামাযান, বাক্বারাহ ১৮৫ আয়াত।
৩০. কোন্ দু'টি কারণে ছিয়াম ছেড়ে দিয়ে পরে রাখা যায়? কুরআনের কোন্ আয়াত থেকে তা প্রমাণিত?
উত্তর : অসুস্থ ও সফর অবস্থায়, বাক্বারাহ ১৮৫ আয়াত।
৩১. 'যুন্ নুরায়েন' কার উপাধি ছিল? কেন তিনি এই উপাধি লাভ করেছিলেন?
উত্তর : ওছমান (রাঃ)। রোক্বাইয়া ও উম্মে কুলছূমকে পরপর বিবাহ করার কারণে। (তাঁরা দু'জনই নবী করীম (ছাঃ)-এর কন্যা ছিলেন এবং প্রথম জনের মৃত্যুর ফলে দ্বিতীয় জনের সাথে বিবাহ হয়)।
৩২. ওমর ফারূক (রাঃ) মৃত্যুর পূর্বে কয়জনকে খলীফা নির্বাচনের ভার দিয়েছিলেন? তাঁদের নাম কি?

উত্তর : ৬ জনকে। তাঁরা হ'লেন ওছমান, আলী, ত্বালহা, যুবায়ের, আব্দুর রহমান বিন 'আউফ ও সা'দ বিন আবী ওয়াকক্বাছ (রাঃ)।

৩৩. ওছমান (রাঃ)-এর উপনাম কি ছিল? তিনি কতগুলো হাদীছ বর্ণনা করেছেন?

উত্তর : ওছমান (রাঃ)-এর উপনাম ছিল আবু আব্দুল্লাহ। তিনি ১৪৬টি হাদীছ বর্ণনা করেছেন।

৩৪. নবী (ছাঃ) একদা তাঁর তিনজন ছাহাবীকে নিয়ে এক পাহাড়ে চড়লে পাহাড়টি কাঁপতে শুরু করে। ঐ পাহাড়টির নাম এবং ছাহাবী তিন জনের নাম কী?

উত্তর : পাহাড়টির নাম 'ওহোদ'। ছাহাবী তিন জনের নাম হ'ল হযরত আবু বকর, ওমর ও ওছমান (রাঃ)।

৩৫. ওছমান (রাঃ) কখন শাহাদাত বরণ করেন?

উত্তর : ওছমান (রাঃ) ৩৫ হিজরীর যিলহজ্জ মাসের ১৮ তারিখে নিজ বাসগৃহে শাহাদাত বরণ করেন।

৩৬. 'মাটির বাপ' কোন ছাহাবীর উপাধি ছিল? এই উপাধি তাঁকে কে দিয়েছিলেন?

উত্তর : আলী (রাঃ)-এর উপাধি ছিল 'আবু তোরাব' বা 'মাটির বাপ'। মহানবী (ছাঃ) এই লক্বব দিয়েছিলেন।

৩৭. আলী (রাঃ)-এর পিতা ও মাতার নাম কি? তিনি কতগুলো হাদীছ বর্ণনা করেছেন?

উত্তর : পিতার নাম ছিল আব্দে মানাফ (উপনাম আবু ত্বালেব), মাতার নাম ছিল ফাতেমা বিনতে আসাদ। হাদীছ বর্ণনা করেছিলেন ৫৮৬ টি।

৩৮. নবী (ছাঃ)-এর নবুঅত লাভের দিন কি বার ছিল? তার কত দিন পর আলী (রাঃ) ইসলাম গ্রহণ করেন?

উত্তর : সোমবার। ২ দিন পর বুধবারে।

৩৯. মুনাফিক্বের আলামত বা নিদর্শন কয়টি?

উত্তর : তিনটি। (১) মিথ্যা কথা বলা (২) আমানতের খেয়ানত করা ও (৩) ওয়াদা ভঙ্গ করা।

৪০. আলী (রাঃ)-এর হত্যাকারীর নাম কি?

উত্তর : আব্দুর রহমান বিন মুলজিম খারেজী।

৪১. শিশু অবস্থায় কথা বলার ক্ষমতা মহান আল্লাহ কয়জনকে দিয়েছিলেন?

উত্তর : তিনজনকে (১) ঈসা (২) জুরায়েজ (৩) আছহাবুল উখদূদ-এর জনৈক শিশু।

৪২. 'ধন-সম্পদ এবং সন্তান-সন্ততি (সোনামণি) পার্থিব জীবনের সৌন্দর্য'। কুরআনের কোন্ সূরার কত নং আয়াতে আছে?

উত্তর : সূরা কাহফ ৪৬ আয়াত।

৪৩. নবীদের স্ত্রী হওয়া সত্ত্বেও কোন্ দু'জন মহিলা জাহান্নামে যাবে?

উত্তর : নূহ (আঃ)-এর পত্নী ও লূত্ব (আঃ)-এর পত্নী (সূরা তাহরীম ১০)

৪৪.'ধন সম্পদ ও সন্তান-সন্ততি দুনিয়াবী জীবনের ফেৎনা' কথাগুলি কুরআন মাজীদের কোন সূরায় কোন আয়াতে আছে?

উত্তর : সূরা আনফাল ২৮ আয়াতে।

৪৫. কোন্ মহিলাকে আল্লাহপাক কুরআন মাজীদে শ্রেষ্ঠ মহিলা হিসাবে বর্ণনা করেছেন?

উত্তর : মারিয়ম (আঃ)-কে (আলে ইমরান ৪২)।

৪৬. ইসলামের প্রথম মুওয়ায্যিনের নাম কি?

উত্তর : বেলাল (রাঃ)।

৪৭. ইসলামের প্রথম শহীদের নাম কি?

উত্তর : মহিলা ছাহাবী সুমাইয়া (রাযিয়াল্লা-হু আনহা)।

৪৮. বঙ্গ বিজয়ী মুসলিম বীরের নাম কী?

উত্তর : ইখতিয়ারুদ্দীন মুহাম্মাদ বখতিয়ার খলজী।

৪৯. পৃথিবীর ইতিহাসে প্রথম লিখিত সংবিধান কোন্টি?

উত্তর : মদীনা সনদ।

৫০. সিন্ধু বিজয়ী মুসলিম বীরের নাম কী?

উত্তর : মুহাম্মাদ বিন ক্বাসিম।

৫১. রাসূলুল্লাহ (ছাঃ) নবী হওয়ার আগে কার সহযোগিতায় যুবকদের নিয়ে সংগঠন করেছিলেন? সংগঠনটির নাম কি?

উত্তর : চাচা যুবায়ের-এর সহযোগিতায়। সংগঠনটির নাম ছিল 'হিলফুল ফুযূল'।

৫২. রাসূলুল্লাহ (ছাঃ) মক্কার বাইরে প্রথম কোন্ দেশ সফর করেন?

উত্তর : সিরিয়া।

৫৩. রাসূলুল্লাহ (ছাঃ)-এর দুধভাই ও দুধবোন-এর নাম কী? তিনি তাদের সঙ্গে কী? করতেন?

উত্তর : দুধভাই আব্দুল্লাহ ও দুধবোন শায়মা। তাদের সঙ্গে তিনি মেষ চরাতেন।

৫৪. পিতার কবর যিয়ারতের পর মাতা মারা গেলে শিশু মুহাম্মদ কার সাথে দাদার কাছে ফিরে আসেন?

উত্তর : দাসী উম্মে আয়মান-এর সাথে।

৫৫. চাচার সাথে ব্যবসায়িক সফরে গেলে কোন্ নগরীর কোন্ খৃষ্টান পাদ্রী 'মুহাম্মাদ ভবিষ্যতে নবী হবেন' বলে মন্তব্য করেছিলেন?

উত্তর : সিরিয়া সফরে গেলে সেখানকার 'বুছরা' নামক শহরের 'বুহায়রা' নামক খৃষ্টান পাদ্রী।

৫৬. ফেরাউন ও তার সম্প্রদায়ের নিকট আল্লাহ তা'আলা মূসা (আঃ)-কে কয়টি নিদর্শন (মু'জিযা) সহকারে প্রেরণ করেছিলেন?
উত্তর : ৯টি (নাহল ১২)।
৫৭. মানুষকে আল্লাহ তা'আলা সৎ ও অসৎকর্ম বুঝবার বোধশক্তি বা জ্ঞানশক্তি দিয়ে প্রেরণ করেছেন। মানুষকে প্রদত্ত এই নে'মতের কথা কুরআনের কোথায় বর্ণিত হয়েছে?
উত্তর : সূরা শাম্‌স ৮ নং আয়াতে।
৫৮. কোন ব্যক্তিকে আল্লাহ একশত বছর মৃত অবস্থায় রাখার পর পুনরায় জীবিত করেন? এ ঘটনার প্রমাণ কোথায় আছে?
উত্তর : সূরা বাক্বারাহ ২৫৯। ওযায়ের (আঃ)।
৫৯. মহান আল্লাহ কোন্ জিনিস থেকে আগুন সৃষ্টি করেছেন?
উত্তর : সবুজ বৃক্ষ থেকে (ইয়াসীন ৮০)
৬০. ক্বিয়ামতের দিন মহান আল্লাহ পাপীদের মুখে মোহর এঁটে দিবেন। তখন আল্লাহ কিভাবে তাদের নিকট থেকে সাক্ষ্য গ্রহণ করবেন?
উত্তর :তাদের হাত ও পা দ্বারা (ইয়াসীন ৬৫)
৬১. আসমান থেকে যমীন এবং এক আসমান থেকে অপর আসমানের দূরত্ব কত?
উত্তর : পাঁচশ' বছরের রাস্তা।
৬২. কোন্ যুদ্ধে রাসূলুল্লাহ (ছাঃ)-এর দাঁত ভেঙ্গেছিল?
উত্তর : ওহোদ যুদ্ধে।
৬৩. ঈমানের মূল স্তম্ভ কয়টি ও কী কী?
উত্তর : ৬টি। (১) আল্লাহর প্রতি (২) ফেরেশতাদের প্রতি (৩) আল্লাহ্র কিতাব সমূহের প্রতি (৪) রাসূলগণের প্রতি (৫) আখেরাতের প্রতি ও (৬) তাক্বদীরের ভাল-মন্দের প্রতি বিশ্বাস পোষণ করা।
৬৪. আল্লাহ তা'আলা সর্বপ্রথম কী সৃষ্টি করেছিলেন ও তাকে কী নির্দেশ দেওয়া হয়েছিল?
উত্তর : কলম। তাকে তাক্বদীর লেখার নির্দেশ দেওয়া হয়েছিল।
৬৫. কোন্ নবী 'মালাকুল মঊত'-কে চড় মেরেছিলেন? উক্ত চড়ের কারণে ফেরেশতার কী হয়েছিল?
উত্তর : মূসা (আঃ)। ফেরেশতার চোখ কানা হয়েছিল।
৬৬. গণকের নিকট কিছু জিজ্ঞাসা করলে বা তার কথা বিশ্বাস করলে কি ধরনের পাপ হবে?
উত্তর : শিরক-এর পাপ হবে। তার ৪০ দিনের ছালাত কবুল হবে না (মুসলিম, মিশকাত হা/৪৫৯৫)।

৬৭. রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, আল্লাহ্র সৃষ্টির মধ্যে সবচেয়ে নিকৃষ্ট ফেৎনা দু'টি। তার নাম কি?
উত্তর : কবর পূজা ও মূর্তি পূজা।
৬৮. মহান আল্লাহ নক্ষত্ররাজি কেন সৃষ্টি করেছেন?
উত্তর : (১) আকাশের সৌন্দর্যের জন্য (২) আঘাতের মাধ্যমে শয়তানকে বিতাড়নের জন্য (৩) নিদর্শন হিসাবে পথের দিশা পাওয়ার জন্য।
৬৯. হাযার মাসের ইবাদতের চেয়েও অধিক একটি রাতের মর্যাদার কথা কুরআনের বর্ণিত আছে। রাতটির নাম কি? কোন্ সূরার কত নং আয়াতে বর্ণিত আছে?
উত্তর : লায়লাতুল ক্বদর। সূরা ক্বদর ৩ নং আয়াত।
৭০. ছিয়ামের পুরস্কার কে দিবেন? ছিয়াম ব্যতীত অন্যান্য সকল নেক আমলের ছওয়াব কতগুণ বৃদ্ধি পায়?
উত্তর : আল্লাহ। ১০ থেকে ৭০০ গুণ পর্যন্ত (বুখারী, মুসলিম)।
৭১. আল্লাহ কোথায় সমাসীন আছেন?
উত্তর : আসমানের উপরে আরশে সমাসীন (ত্ব-হা ৫)।
৭২. ক্বিয়ামতের দিন আল্লাহ্র আরশ কতজন ফেরেশতা মাথায় বহন করবে?
উত্তর : আটজন ফেরেশতা (সূরা হাক্কাহ ১৭)
৭৩. ক্বিয়ামতের দিন আল্লাহ পায়ের নলা বের করে কী নির্দেশ দিবেন?
উত্তর : মানুষকে সেখানে সিজদা করার নির্দেশ দিবেন (ক্বলম ৪২)।
৭৪. রাসূলুল্লাহ (ছাঃ) কিসের তৈরী? অন্য মানুষের সাথে রাসূল (ছাঃ)-এর মৌলিক পার্থক্য কি?
উত্তর : মাটির তৈরী। রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট 'অহি' আসত (অন্য মানুষের নিকট আসে না)। (কাহফ ১১০)।
৭৫. পবিত্র কুরআনের আম্মাপারায় সর্বমোট কয়টি সূরা আছে?
উত্তর : ৩৭টি।
৭৬. 'মু'আউওয়াযাতান' পবিত্র কুরআনের কোন দু'টি সূরাকে বলা হয় এবং এ শব্দটির অর্থ কী?
উত্তর : সূরা নাস ও ফালাক্বকে। এর অর্থ 'আল্লাহর নিকট আশ্রয় চাওয়ার দু'টি সূরা'।
৭৭. কুরআনের কোন্ তিনটি সূরায় ৩টি করে সর্বমোট ৯টি আয়াত আছে এবং সূরাগুলোর ক্রমিক নং কত?
উত্তর : সূরা আছর, নছর ও কাওছার। আছর-১০৩, নাছর-১১০, কাওছার-১০৮।
৭৮. কুরআনের কোন্ দু'টি সূরায় ৪টি করে আয়াত আছে? সূরা দু'টির নাম কি?
উত্তর : সূরা ইখলাছ ও কুরায়েশ।

৭৯. আম্মাপারার সবচেয়ে বেশী আয়াত বিশিষ্ট তিনটি সূরার নাম কি এবং আয়াত সংখ্যা কত?
উত্তর : নাবা, নাযি‘আত ও আবাসা। আয়াত যথাক্রমে ৪০, ৪৬ ও ৪২।
৮০. ‘নিশ্চয়ই সকল মানুষ অবশ্যই ক্ষতির মধ্যে রয়েছে’- এটি কোন্ সূরায় কত নম্বর আয়াতে বলা হয়েছে?
উত্তর : সূরা আছর ২ নম্বর আয়াতে।
৮১. পবিত্র কুরআনের অনেকগুলো নাম আছে। অর্থসহ ৫টি নাম লিখ।
উত্তর : (ক) কিতাব -গ্রন্থ (খ) নূর- আলো (গ) হাকীম-প্রজ্ঞাময় (ঘ) মাজীদ-সম্মানিত ও (ঙ) ফুরক্বান -সত্য ও মিথ্যার মাঝে পার্থক্য নিরূপণকারী।
৮২. ‘হুরূফে মুক্বাত্ত্বা‘আত’ এর অর্থ কী? কুরআনের কয়টি সূরা ‘হুরূফে মুক্বাত্ত্বা‘আত’ দিয়ে শুরু করা হয়েছে?
উত্তর : বিচ্ছিন্ন বর্ণ সমূহ। ২৯টি।
৮৩. الم। (আলিফ লাম মীম) শব্দ দ্বারা কুরআনের কয়টি সূরা শুরু করা হয়েছে?
উত্তর : ৬টি।
৮৪. পবিত্র কুরআনের কোন্ সূরায় ‘বিসমিল্লাহ’ নেই এবং কোন্ সূরায় দু’বার ‘বিসমিল্লাহ’ আছে?
উত্তর : সূরা তওবা ও নামল।
৮৫. কোন্ সূরায় একটি আয়াত একাধিকবার সন্নিবেশিত আছে এবং সেটি কতবার?
উত্তর : সূরা আর-রাহমান। ৩১ বার।
৮৬. পৃথিবীর সবচেয়ে বেশী পঠিত গ্রন্থ কোন্‌টি? এবং কোন্ গ্রন্থের হাফেযের সংখ্যা সর্বাধিক?
উত্তর : কুরআন মাজীদ।
৮৭. এমন দু’টি সূরার নাম বল, যে নাম ঐ সূরার মধ্যে নেই?
উত্তর : সূরা ফাতিহা ও ইখলাছ।
৮৮. ‘ফাতিহা’ শব্দের অর্থ কী? এই সূরায় কয়টি আয়াত, শব্দ ও অক্ষর আছে?
উত্তর : মুখবন্ধ। ৭টি আয়াত, ২৫টি শব্দ ও ১১৩টি অক্ষর আছে।
৮৯. কোন্ সূরার কত নম্বর আয়াতের মাধ্যমে আল্লাহ ছিয়াম ফরয করেছেন?
উত্তর : সূরা বাক্বারাহ-র ১৮৩ নং আয়াত।
৯০. ‘ছিয়াম’-এর শাব্দিক ও পারিভাষিক অর্থ কি?
উত্তর : শাব্দিক অর্থ ‘বিরত থাকা’ পারিভাষিক অর্থ : আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে ছুবহে ছাদিক হ’তে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও যৌনসম্ভোগ হ’তে বিরত থাকা।
৯১. সাহারী খাওয়ার মধ্যে কি আছে?
উত্তর : বরকত আছে।

৯২. ভুলে কোন কিছু খেলে বা পান করলে ছিয়াম ভঙ্গ হবে কি?
উত্তর : না।
৯৩. দেরী করে ইফতার করা যাবে কি? দেরী করে ইফতার করা কাদের কাজ?
উত্তর : না। ইহুদী-নাছারাদের কাজ।
৯৪. মুত্তাক্বীদের জন্য রবে স্ফটিক পানি আর নির্মল দুধের নহর
আরও আছে সুস্বাদু মধু ও শরাবের নহর।
আরও আছে রকমারি ফলমূল এবং পালনকর্তার ক্ষমা।
বলতে পার কি সোনামণি-এর প্রমাণ কোথায় আছে জমা?
উত্তর : সূরা মুহাম্মাদ ১৫ আয়াতে।
৯৫. সোনা আর মণি দ্বারা জান্নাতে হবে অলংকৃত
রেশমী পোশাকের সাজে হবে সজ্জিত। কোথায় আছে প্রমাণিত?
উত্তর : সূরা হজ্জ ২৩ আয়াতে।
৯৬. এমনি জান্নাত দিবেন প্রভু, আছে রেশমী কাপড় আর হেলান আসন শীতাতপ নিয়ন্ত্রিত, বৃক্ষছায়া, ফলমূল আরও সব তাদের ইচ্ছার অধীন।
উত্তর : সূরা দাহর ১২-১৪ আয়াত।
৯৭. আমার আয়াতে যারা করে মিথ্যাচার
মুখ ফিরিয়ে নেয় যারা করে অহংকার
খোলা হবে না তাদের তরে আকাশের দুয়ার
প্রবেশ করবে না তারা জান্নাতের মাঝার
সূঁচের ভিতরে যেমন যেতে পারে না উট
কথাগুলি কোথায় আছে বলতো ভাবুক ?
উত্তর : সূরা আ‘রাফ ৪০ আয়াতে।
৯৮. ১৯ জন ফেরেশতা আছে দোযখে পাহারাদার
আগুনে ঝলসাবে পাপীর শরীর পাবে না নিস্তার
কুরআনের কোথায় আছে বলতো সমঝদার?
উত্তর : সূরা মুদ্দাছ্ছির ২৮-৩০ আয়াতে।
৯৯. পৃথিবীর কোন্ মসজিদের মেম্বর হাউযে কাওছারের উপরে প্রতিষ্ঠিত?
উত্তর : মদীনার মসজিদে নববী, (বুঃ মুঃ মিশকাত, হা/৬৯৪)।
১০০. ক্বিয়ামতের পূর্বে সাত দরজা বিশিষ্ট এমন কোন্ শহর থাকবে, দু’জন করে ফেরেশতা প্রতি দরজায় যার পাহারাদার হবে?
উত্তর : মদীনা শহর (বুখারী, মিশকাত, হা/২৭৫৩)।
১০১. আল্লাহর সৃষ্টি পৃথিবীতে আছে এমন একটি শহর, যেখানে দাজ্জাল প্রবেশ করতে পারবে না এবং যেখানে সারিবদ্ধভাবে আছেন ফেরেশতার বহর।
উত্তর : মক্কা ও মদীনা (বুঃ মুঃ মিশকাত হা/২৭৪২)।

১০২. ‘জামি‘উল কুরআন’ এবং ‘রঈসুল মুফাস্‌সিরীন’ কাদেরকে বলা হয়?
উত্তর : ওছমান (রাঃ) এবং আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ)-কে।
১০৩. আয়েশা (রাঃ) ও আবু হুরায়রা (রাঃ) প্রত্যেকে কতগুলি করে হাদীছ বর্ণনা করেছেন
উত্তর : আয়েশা (রাঃ) ২২১০টি এবং আবু হুরায়রা (রাঃ) ৫৩৭৪টি।
১০৪. হাদীছের সর্বোৎকৃষ্ট গ্রন্থ দু’টি কী কী এবং তার সংকলকদ্বয়ের পূর্ণ নাম কী ?
উত্তরঃ ছহীহ বুখারী ও ছহীহ মুসলিম। ছহীহ বুখারী-এর সংকলক হলেন আবু আব্দুল্লাহ মুহাম্মাদ বিন ইসমাঈল বুখারী এবং ছহীহ মুসলিম-এর সংকলক হলেন আবুল হুসাইন মুসলিম ইবনুল হাজ্জাজ ।
১০৫. কুরআন শব্দের অর্থ কী? পবিত্র কুরআনে কয়টি মনযিল,কয়টি পারা, সূরা, রুকূ ও আয়াত আছে?
উত্তর : কুরআন অর্থ পাঠ করা। এতে ৭টি মনযিল, ৩০টি পারা, ১১৪টি সূরা, ৫৪০টি রুকূ, ৬২৩৬টি আয়াত আছে। তবে রুকূ এবং আয়াত সংখ্যায় মতভেদ আছে ।
১০৬. পবিত্র কুরআনে কোন্ সূরায় ৯টি মীম আছে এবং কোন্ সূরায় মীম নেই?
উত্তর : সূরা কাফিরূনে ৯টি মীম আছে এবং সূরা কাওছারে মীম নেই।
১০৭. পবিত্র কুরআনে ‘হাদীছ’ শব্দটি কত জায়গায় এসেছে বল।
উত্তর : পবিত্র কুরআনে ‘হাদীছ’ শব্দটি ১৪ জায়গায় এসেছে যেমন-(১) নিসা-৭৮ (২) নিসা-৮৭ (৩) আ‘রাফ-১৮৫ (৪) ইউসুফ-১১১ (৫) কাহ্‌ফ-৬ (৬) ত্বোয়াহা-৯ (৭) যুমার-২৩ (৮) জাছিয়াহ-৬ (৯) তূর-৩৪ (১০) নাজম-৫৯ (১১) ওয়াক্বি‘আহ-৮১ (১২) ক্বালাম-৪৪ (১৩) মুরসালাত-৫০ (১৪) গাশিয়াহ-১।
১০৮. আ‘ঊযুবিল্লাহ এবং বিসমিল্লাহ... আয়াত দু’টি পবিত্র কুরআনের কোন্ কোন্ সূরার কত নং আয়াত?
উত্তর : আ‘ঊযুবিল্লাহ.... সূরা নাহল-৯৮ এবং বিসমিল্লাহ....সূরা নামল-৩০ আয়াত।
১০৯. ‘নামল’ এবং ‘আনকাবূত’ শব্দ দু’টির অর্থ কি? এ দু’টি কুরআনের কত নং সূরা?
উত্তর : ‘নামল’-অর্থ পিঁপড়া ও ‘আনকাবূত’-অর্থ মাকড়শা। যথাক্রমে ২৯ ও ২৭ নং সূরা।
১১০. রাসূলের প্রথম বিবাহ কার সঙ্গে হয় এবং তখন তাদের বয়স কত ছিল?
উত্তর : রাসূলের প্রথম বিবাহ খাদীজা বিনতে খুওয়ালিদ (রাঃ)-এর সঙ্গে হয়। তখন রাসূলের বয়স ছিল ২৫ ও খাদীজার বয়স ছিল ৪০। ৬৫ বছর বয়সে খাদীজার মৃত্যুর আগ পর্যন্ত রাসূল (ছাঃ) অন্য কাউকে বিবাহ করেননি।
১১১.রাসূলের সন্তান-সন্ততি কি ছিল?
উত্তর : রাসূলের ৩ ছেলে ও ৪ মেয়ে ছিল। তন্মধ্যে ২ ছেলে ও ৪মেয়ে ছিল খাদীজার গর্ভজাত এবং সর্বশেষ সন্তান ইবরাহীম ছিল রাসূলের দাসী মারিয়া ক্বিবত্বিয়ার গর্ভজাত।

১১২. রাসূল (ছাঃ)-এর ছেলে-মেয়েদের নাম কি ছিল?
উত্তরঃ **১ম** পুত্র কাসেম, অত:পর পরপর ৪ মেয়ে যয়নব, রুক্বাইয়া, উম্মে কুলছূম ও ফাতেমা। এরপর খাদীজার গর্ভে সর্বশেষ পুত্র আব্দুল্লাহ। যার লকব ছিল ত্বাইয়েব ও ত্বাহের। সকলেরই জন্ম মক্কায়। অত:পর সর্বশেষ সন্তান ইবরাহীম-এর জন্ম হয় মদীনায় দাসী মারিয়া ক্বিবতিয়ার গর্ভে। তাঁর জীবদ্দশায় ৬ সন্তানের মৃত্যু হয় এবং মৃত্যুর ৬ মাস পরে কন্যা ফাতেমার মৃত্যু হয়।
১১৩. হযরত আবুবকর (রাঃ)-এর আসল নাম কী ছিল? তাঁর পিতা ও মাতার নাম কী ছিল?
উত্তর : নাম আব্দুল্লাহ, পিতার নাম ওছমান বিন আমের আবু ক্বোহাফা ও মাতার নাম সালামা বিনতে ছাখর বিন আমের।
১১৪. আবুবকর (রাঃ)-কত বছর, কত মাস এবং কত দিন খেলাফতের আসন অলংকৃত করেছিলেন?
উত্তর : ২ বছর ৩ মাস ৬ দিন।
১১৫. প্রত্যেক নবীর জন্য আসমানে দু’জন এবং যমীনে দু’জন করে উযীর ছিল। আমাদের প্রিয়নবী (ছাঃ)-এর চারজন উযীরের নাম বল?
উত্তর : আসমানে : জিবরীল ও মিকাঈল (আঃ)। যমীনে : আবুবকর ও ওমর (রাঃ)।
১১৬. ছাহাবীদের মধ্যে রাসূল (ছাঃ)-এর নিকটে তিনজন বিশেষ গুরুত্বপূর্ণ ব্যক্তি নাম কী?
উত্তর : আয়েশা, আবুবকর ও ওমর (রাঃ)।
১১৭. কোন্ অলৌকিক ঘটনা দ্বিধাহীনচিত্তে বিশ্বাস করার জন্য কে কাকে ছিদ্দীক্ব উপাধি দেন?
উত্তর : মি’রাজের ঘটনা বিশ্বাস করার জন্য রাসূল (ছাঃ) আবুবকর (রাঃ) কে ছিদ্দীক্ব উপাধি দেন।
১১৮. পুরুষ, নারী এবং বালকদের মধ্যে সর্বপ্রথম কোন্ তিন ব্যক্তি ইসলাম গ্রহন করার মর্যাদা লাভ করেছিলেন?
উত্তর : পুরুষদের মধ্যে আবুবকর (রাঃ), নারীদের মধ্যে খাদীজা (রাঃ) ও বালকদের মধ্যে আলী (রাঃ)।
১১৯. রাসূলুল্লাহ (ছাঃ)-এর আহবানে সাড়া দিয়ে কোন্ দু’জন ছাহাবী আল্লাহ্‌র রাস্তায় তাঁদের সম্পূর্ণ ও অর্ধেক সম্পত্তি দান করেছিলেন?
উত্তর : আবুবকর (রাঃ) সম্পূর্ণ ও ওমর (রাঃ) অর্ধেক সম্পত্তি দান করেছিলেন।
১২০. মহানবী (ছাঃ)-এর মক্কা থেকে মদীনায় হিজরতের সময় কোন্ ছাহাবী তাঁর সাথে ছিলেন?
উত্তর : আবুবকর (রাঃ)।

১২১. মহানবী (ছাঃ) একদিন ইসলামের চারটি গুরুত্বপূর্ণ আমলের কথা ছাহাবীদের সম্মুখে উল্লেখ করে বলেন যে, এ সকল গুণাবলী একত্রে থাকলে সে জান্নাতী হবে। আজ কে এগুলো করেছ? একমাত্র আবুবকর (রাঃ) বললেন, আমি করেছি। আমল চারটি কী ছিল?
উত্তর : ছিয়াম পালন, জানাযার ছালাত, দারিদ্রকে খাওয়ানো ও রুগীর সেবা।
১২২. ওমর (রাঃ)-এর উপাধি কী ছিল? তাঁর পিতা ও মাতার নাম কী ছিল?
উত্তর : ফারূক। পিতার নাম খাত্ত্বাব, মাতার নাম হানতামাহ্।
১২৩. ওমর (রাঃ) সর্বমোট কতগুলো হাদীছ বর্ণনা করেছেন? তাঁর পুত্র, কন্যার সংখ্যা কত এবং তাদের নাম কী?
উত্তর : ৫৩৯টি। দুই পুত্র, এক কন্যা। পুত্রের নাম আব্দুল্লাহ ও আছেম, কন্যার নাম হাফছাহ।
১২৪. কোন্ ছাহাবীকে একপথে চলতে দেখলে শয়তান অন্য পথে চলতে শুরু করত?
উত্তর : ওমর (রাঃ) ।
১২৫. কত হিজরীর কোন্ তারিখে ওমর (রাঃ) খেলাফতের আসন অলংকৃত করেন? তাঁর খেলাফতকাল কতদিন ছিল?
উত্তর : ১৩ হিজরীর জুমাদাল আখেরাহ-এর ২২/২৩ তারিখে। খেলাফতকাল ছিল সাড়ে ১০ বছর।
১২৬. মৃত্যু পথযাত্রী ওমর (রাঃ) আয়েশা ছিদ্দীক্বা (রাঃ)-এর নিকটে কিসের অনুমতি প্রার্থনা করেছিলেন?
উত্তর : মহানবী (ছাঃ) ও আবুবকর (রাঃ)-এর পাশে দাফনের।
১২৭. রামাযান ও ছিয়াম শব্দের অর্থ কি? কত হিজরীর, কোন্ মাসে ছিয়াম ফরয হয়?
উত্তর : রামাযান অর্থ পুড়িয়ে ফেলা, ছিয়াম অর্থ বিরত থাকা। ২য় হিজরীর শা'বান মাসে ছিয়াম ফরয হয়।
১২৮. রামাযানের ছিয়াম ফরয করা হয়েছে পবিত্র কুরআনের কোন্ পারার কোন্ সূরার কত নং আয়াতের মাধ্যমে?
উত্তর : ২য় পারার সূরা বাক্বারাহ-এর ১৮৩ নং আয়াতের মাধ্যমে।
১২৯. রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, 'ছিয়াম পালনকারীর জন্য দু'টি আনন্দের মুহূর্ত রয়েছে'। মুহূর্ত দু'টি কী কী?
উত্তর : ইফতার কালে ও আল্লাহ্র দীদার কালে।
১৩০. রাসূলুল্লাহ (ছাঃ)-এর জীবদ্দশায় কোন দু'জন ছাহাবী সাহারী ও ফজরের আযান দিতেন?
উত্তর : রাসূলুল্লাহ (ছাঃ)-এর জীবদ্দশায় বেলাল (রাঃ) সাহারীর আযান এবং আব্দুল্লাহ ইবনে উম্মে মাকতূম (রাঃ) ফজরের আযান দিতেন।

১৩১. রামাযান মাসে এমন একটি রাত আছে যার মর্যাদা হাযার মাসের চেয়েও উত্তম। পবিত্র কুরআনের কোন্ সূরার কত নং আয়াতে এর উল্লেখ আছে?
উত্তর :এটি হল লায়লাতুল ক্বদর। যা সূরা ক্বদরের ৩ নং আয়াতে উল্লেখিত হয়েছে।
১৩২. কোন্ ছাহাবী তার মায়ের বিবাহ পড়িয়েছিলেন?
উত্তর : আনাস বিন মালেক (রাঃ) তাঁর মাকে ২য় বিবাহ পড়িয়েছিলেন।
১৩৩. কোন্ যুদ্ধে নবী করীম (ছাঃ)-এর দাঁত ভেঙ্গেছিল?
উত্তর : ওহোদের যুদ্ধে।
১৩৪. তা'আউওয, তাসমিয়া এবং ছহীহায়েন বলতে কী বুঝায়?
উত্তর : আ'ঊযুবিল্লাহ ও বিসমিল্লাহ। ছহীহায়েন বলতে ছহীহ বুখারী ও ছহীহ মুসলিম হাদীছ গ্রন্থদ্বয়।
১৩৫. কোন্ ছাহাবী নবী করীম (ছাঃ)-এর খেদমতে ১০ বছর কাটিয়েছিলেন?
উত্তর : আনাস ইবনে মালেক (রাঃ)।
১৩৬. পবিত্র কুরআনের কোন্ সূরার প্রতি আয়াতে আল্লাহ্র নাম আছে?
উত্তর : সূরা মুজাদালাহ্র।
১৩৭. 'সূরাতুছ-ছালাত' কোন্ সূরাকে বলা হয়? এই সূরার সর্বাধিক কতটি নাম আছে?
উত্তর : সূরা ফাতিহাকে। এর ৩২টি নাম আছে।
১৩৮. কোন্ সূরার প্রতি আয়াতের শেষে দুই যবর আছে?
উত্তর : সূরা ফাতহ।
১৩৯. পাঁচ ওয়াক্ত 'ফরয ছালাতে' প্রতিদিন সূরা ফাতিহা কতবার পাঠ করতে হয়?
উত্তর : ১৭ রাক'আতে ১৭ বার।
১৪০. পবিত্র কুরআনের সবচেয়ে বড় ও সবচেয়ে ছোট আয়াত কোন্টি?
উত্তর : সবচেয়ে বড় সূরা হ'ল সূরা বাক্বারাহ। যার আয়াত সংখ্যা ২৮২টি। আর সবচেয়ে বড় আয়াত হ'ল সূরা বাক্বারাহ্র ২৮২ নং আয়াত।
১৪১. প্রশ্ন: পবিত্র কুরআনের সবচেয়ে ছোট সূরা ও ছোট আয়াত কোনটি?
উত্তর : সবচেয়ে ছোট সূরা হ'ল সূরা কাওছার এবং সবচেয়ে ছোট আয়াত হ'ল সূরা আছরের ১ম আয়াত।

সাধারণ জ্ঞান

১. কোন্ স্কুলে ছাত্র নেই?
উত্তর : মেয়েদের স্কুলে।
২. কোন্ গ্রামে মাটি-মানুষ কিছু নেই?
উত্তর : কিলোগ্রামে।
৩. কোন্ বাজারে রাণী আছে, রাজা নেই?
উত্তর : রাণীবাজারে।
৪. কোন্ গ্রাম বড় শহর?
উত্তর : চট্টগ্রাম।
৫. কোন্ দেশে মানুষ নেই?
উত্তর : সন্দেশে।
৬. এমন কোন্ প্রাণী আছে যার হাড় ও চোখ নেই?
উত্তর : জোঁক ও কেঁচো।
৭. নিজ দেহের নির্গত রস দিয়ে কোন্ প্রাণী বাসা তৈরী করে?
উত্তর : মৌমাছি ও মাকড়সা।
৮. এমন কোন্ প্রাণী আছে যার দুধ মাটিতে পড়ার সাথে সাথে শক্ত হয়ে যায়?
উত্তর : বাঘ।
৯. কোন্ ক্ষুদ্র প্রাণী সবচেয়ে বেশী উড়তে পারে এবং তার চলার গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার?
উত্তর : ডাশ মাছি। ঘণ্টায় ৯৬৬ কিঃ মিঃ।
১০. এমন একটি স্তন্যপায়ী প্রাণী আছে, যা ডিম পাড়ে। কিন্তু বাচ্চাকে দুধ খাওয়ায়। তার নাম কি?
উত্তর : প্লাটিপাস।
১১. কোন্ প্রাণী দাঁড়িয়ে এবং কোন্ প্রাণী চোখ খুলে ঘুমায়?
উত্তর : ঘোড়া এবং মাছ।
১২. কুকুর ও বিড়াল কেন ঘাস খায়?
উত্তর : অসুস্থ হ'লে ঔষধ হিসাবে ঘাস খায়।
১৩. শব্দ করতে পারেনা-এমন দু'টি প্রাণীর নাম বল?
উত্তর : জিরাফ ও শামুক।
১৪. এমন কোন্ প্রাণী আছে, যার কান নেই জিহ্বা দিয়ে শুনে?
উত্তর : সাপ।
১৫. মরুভূমির জাহাজ এবং সামুদ্রিক দৈত্য কোন্ কোন্ প্রাণীকে বলা হয়?
উত্তর : উট এবং অক্টোপাসকে।

সাধারণ জ্ঞান

১৬. নিজের পেটের নিচে থলে আছে এবং সে থলেতে বাচ্চা রেখে ঘুমায় কোন্ প্রাণী?
উত্তর : ক্যাঙ্গারু।
১৭. পৃথিবীর অন্যতম বৃহত্তম বুকে হাটা প্রাণীর নাম কী?
উত্তর : কুমীর।
১৮. কোন্ প্রাণীর রক্ত সাদা?
উত্তর : টিকটিকি।
১৯. পৃথিবীতে কোন্ মাছ দুধ দেয় এবং ডিমের পরিবর্তে বাচ্চা দেয়?
উত্তর : তিমি মাছ।
২০. কোন্ প্রাণী তার দেহকে ইচ্ছামত বাড়াতে ও কমাতে পারে?
উত্তর : এ্যমিবা।
২১. চাঁদে কোন বিস্ফোরণ হ'লে পৃথিবীতে তা কত সময় পরে শোনা যাবে?
উত্তর : শোনা যাবে না। কারণ চাঁদের উপরিভাগে কোন বায়ুস্তর নেই।
২২. উদয় ও অস্তের সময় সূর্যের রং লাল দেখায় কেন?
উত্তর : তেরছাভাবে অনেক বায়ুস্তর ভেদ করে আসে বলে।
২৩. পৃথিবীতে এমন এক আশ্চর্য পাহাড় আছে যা দিনে বহুবার রং পাল্টায়। পাহাড়টির নাম কী?
উত্তর : দক্ষিণ অষ্ট্রেলিয়ার 'আয়ারস রফ'। কারণ এটি বেলে পাথর দ্বারা গঠিত।
২৪. মুরগীর ডিম কি দিয়ে গঠিত?
উত্তর : সাদা অংশ পানিতে দ্রবণীয় 'আমিষ' এবং হলুদ অংশ 'কোলেস্টেরল' দিয়ে গঠিত।
২৫. টিকটিকি অবাধে দেয়ালে বিচরণ করতে পারে কিভাবে?
উত্তর : এদের পায়ের নখের পিছনে আঁশের সারিতে আছে সূক্ষ্ম খাদযুক্ত রোয়া। যার ফলে সে অবাধে বিচরণ করতে পারে।
২৬. টিকটিকি মারার নির্দেশ দেওয়া হয়েছে কেন ? তা মারলে কত নেকী ?
উত্তর : কেননা টিকটিকির লেজে বিষ থাকে। যা মাদকতা আনে। তা একবারে মারলে ১০০ নেকী ও দু' বারে মারলে ৫০ নেকী *(মুসলিম, মিশকাত হা/৪১২১)*।
২৭.পৃথিবীতে একটি প্রাণী আছে, যা খাবার চিবিয়ে খায় না। জিহ্বা ছোট ও যা নড়াতে পারে না। দেহ সোজা রেখে দৌড়ায় এবং চোখ দিয়ে অনবরত পানি ঝরে। প্রাণীটির নাম কী এবং চোখ দিয়ে পানি ঝরার কারণ কী?
উত্তর : কুমীর। লোনা পানির প্রভাবে তার চোখ দিয়ে সর্বদা পানি ঝরে।
২৮.একটি প্রাণী চোখের মণি ঘুরাতে পারে না। আশে-পাশে তাকাতে গেলে গোটা মাথাই ঘুরাতে হয়। প্রাণীটির নাম কী?
উত্তর : ঘোড়া। এজন্যেই তারা গাড়ি টানতে পারে।
২৯.পিছনের পা দিয়ে খাবারের স্বাদ গ্রহণ করে কোন্ প্রাণী?
উত্তর : প্রজাপতি।

৩০. এমন একটি প্রাণী যার নাক ও কান নেই, অথচ আটটি পা দিয়ে সব অবস্থা বুঝতে পারে। তার নাম কি?
উত্তর : মাকড়শা।
৩১. স্তন্যপায়ীদের মধ্যে কোন্ প্রাণী উড়তে পারে?
উত্তর : বাদুড়।
৩২. কোন্ পাখি বৃষ্টির পানি ছাড়া অন্য পানি পান করে না?
উত্তর : চাতক পাখি।
৩৩. কোন্ পাখি সবচেয়ে বেশী উড়তে পারে? একটানা কত দূর যেতে পারে?
উত্তর : আর্কটিকটার্ন, একটানা ১১০০০ (এগার হাযার) মাইল।
৩৪. কোন্ পাখি চুষে চুষে পানি পান করে?
উত্তর : কবুতর।
৩৫. ত্বকের সাহায্যে শ্বাসকার্য চালায় কোন্ প্রাণী?
উত্তর : কেঁচো।
৩৬. কোন্ প্রাণী শীতকালে শীতনিদ্রা যাপন করে?
উত্তর : ব্যাঙ।
৩৭. গন্ধবিহীন পাঁচটি ফুলের নাম বল?
উত্তর : শিমুল, জবা, ডালিয়া, শাপলা ও কচুরিপানা।
৩৮. কোন্ কোন্ ফুল রাতে প্রস্ফুটিত হয়, আবার দিনে সংকুচিত হয়?
উত্তর : শাপলা ও কচুরিপানা।
৩৯. আমাদের দেশের বৃহত্তম ফুল কোন্টি?
উত্তর : সূর্যমুখী।
৪০. মাইকের হর্ণের মত আকার বিশিষ্ট তিনটি ফুলের নাম বল?
উত্তর : ঢোলকলমী, ধুতরা, করবী।
৪১. অতি ক্ষুদ্র বীজে বৃহৎ বৃক্ষ জন্মে এরূপ দু'টি বৃক্ষের নাম কী?
উত্তর : বট ও পাকুড় গাছ।
৪২. মাত্র একটি করে বিচি থাকে এরূপ ৫টি ফলের নাম কী?
উত্তর : আম, জাম, বরই, লিচু ও জলপাই।
৪৩. গাছটি বড়, ফুলটি ছোট কিন্তু ঘ্রাণযুক্ত, এরূপ দু'টি ফুল গাছের নাম বল?
উত্তর : বকুল ও ছাতিম।
৪৪. প্রচুর পরিমাণ ভিটামিন 'সি' থাকে এরূপ ৫টি ফলের নাম কী?
উত্তর : আমলকি, কামরাঙা, লেবু, পেয়ারা ও জলপাই।
৪৫. অস্ত্র ছাড়া খাওয়া যায় না, এমন একটি ফলের নাম কী?
উত্তর : নারিকেল।
৪৬. কোন্ গাছের পাতা থেকে চারা গজায়?
উত্তর : পাথরকুঁচি।
৪৭. সবচেয়ে বৃহৎ ও দীর্ঘজীবী প্রাণী কোন্টি?
উত্তর : নীল তিমি। এরা প্রায় ৫০০ বছর বাঁচে।

৪৮. নীল তিমি-র দৈর্ঘ্য ও ওজন কত?
উত্তর : ৩০ মিঃ দৈর্ঘ্য। ওজন ৪২৯ টন।
৪৯. তিমি প্রতি ঘণ্টায় কতদূর যেতে পারে? এবং একদিনে কি পরিমাণ খাদ্য খায়?
উত্তর : ৩২ কিলোমিটার। একদিনে খাদ্য খায় ১,১০০ (একহাযার একশত) কেজি।
৫০. তিমির হৃদপিণ্ডের ওজন কত?
উত্তর : অর্ধ টন ।
৫১. তিমির শরীরে কী পরিমাণ রক্ত থাকে?
উত্তর : প্রায় ৮ টন।
৫২. কোন্ মুসলিম সেনাপতি অধিক সংখ্যক যুদ্ধ পরিচালনা করেছেন। কিন্তু একবারও পরাজয় বরণ করেননি?
উত্তর : খালেদ বিন ওয়ালীদ (রাঃ)। যিনি ১০০টি যুদ্ধে নেতৃত্ব দিয়েছিলেন।
৫৩. কোন্ কোন্ সম্রাট বিশ্ব জয়ের আকাঙ্ক্ষা পোষণ করতেন?
উত্তর : আলেকজান্ডার ও তৈমুর লং।
৫৪. সাধারণ সৈনিক থেকে কে ক্ষমতা বলে ফ্রান্সের সম্রাট হয়েছিলেন?
উত্তর : নেপোলিয়ন।
৫৫. যুক্তরাষ্ট্রে সংবিধান এড়িয়ে যোগ্যতার গুণে কে একাধারে চারবার প্রেসিডেন্ট পদ লাভ করেন?
উত্তর : রুজভেল্ট।
৫৬. কোন্ যুবরাজ বিশাল সাম্রাজ্যের পদমর্যাদাকে তুচ্ছ করে সাধারণ পরিবারে বিয়ে করেন?
উত্তর : অষ্টম এড্ওয়ার্ড (ষষ্ঠ জর্জের বড় ভাই)।
৫৭. বিশ্ববিখ্যাত দু'জন মুসলিম বিজ্ঞানীর নাম লিখ?
উত্তর : আলবিরূনী ও ওমর খৈয়াম।
৫৮. ভাস্কোডাগামার মুসলিম নাবিকের নাম কি ছিল? যিনি তাকে ভারতীয় উপমহাদেশে আসার পথ দেখান?
উত্তর : আহমাদ বিন আব্দুল মজীদ।
৫৯. মানবদেহে রক্ত সঞ্চালন প্রক্রিয়া সম্পর্কে কোন্ মুসলিম বিজ্ঞানী প্রথম তথ্য উপস্থাপন করেন?
উত্তর : আলাউদ্দীন ক্বারশী।
৬০. সূর্য ও চন্দ্র সম্পর্কিত টলেমীর ধারণাকে সম্পূর্ণ বাতিল করে দিতে সমর্থ হন কোন্ মুসলিম জ্যোতির্বিজ্ঞানী?
উত্তর : আল-বাত্তানী।
৬১. চিকিৎসা ও অংক শাস্ত্রের সর্বাধিক পরিচিত মুসলিম বিজ্ঞানীর নাম কী?
উত্তর : ইবনে সীনা ও ওমর খৈয়াম।
৬২. রসায়ণ শাস্ত্রের জনক কে?
উত্তর : জাবের বিন হাইয়ান।

৬৩. সমাজ বিজ্ঞানের জনক কে?
উত্তর : ইবনু খালদূন।
৬৪. আলোকচিত্র আবিষ্কার করেন কে?
উত্তর : আবুল হায়ছাম।
৬৫. পৃথিবীর মানচিত্র প্রথম কে অংকন করেন?
উত্তর : মুসা আল-খারেযমী।
৬৬. প্রথম চশমা কে ব্যবহার করেন?
উত্তর : আরওঙ্গযেব।
৬৭. উদ্ভিদের প্রাণ আছে, একথা কে প্রথম আবিষ্কার করেন?
উত্তর : ইবনুল মাসকাভী।
৬৮. বিশ্বে প্রথম ঘড়ি আবিস্কার করেন কে?
উত্তর : মুসলিম বিজ্ঞানী কুত্ববী।
৬৯. পৃথিবীর সবচেয়ে বড় সামুদ্রিক ঝিনুকের ওজন কত?
উত্তর : ৫৭৯.৫০ পাউন্ড।
৭০. কোন্ দেশে ঝুলন্ত তারের সড়ক আছে?
উত্তর : সুইজারল্যান্ড।
৭১.হ্রদের দেশ কোন্টি?
উত্তর : কানাডা।
৭২. সবচেয়ে বেশী বৃষ্টিপাত হয় কোথায়?
উত্তর : আসামের চেরাপুঞ্জিতে।
৭৩. খাদ্য ও পানীয় দু'টির অভাব মিটায় কোন পানীয়?
উত্তর : দুধ।
৭৪. দুধে এমন একটি দ্রব্য আছে, যা পৃথিবীর আর কোন্ কিছুতে নেই। তার নাম কি?
উত্তর : 'ল্যাকট্রোজ' নামক পদার্থ।
৭৫. হাতে বা কাপড়ে কেরোসিন লাগলে তার গন্ধ কিভারে দূর করবে?
উত্তর : ব্যাসন দিয়ে ধুয়ে ফেলবে।
৭৬. বর্তমান বিশ্বের সবচেয়ে ভয়াবহ মারাত্মক ব্যাধি এইড্স কোন ভাইরাসের আক্রমণে হয়?
উত্তর : এইচ.আই.ভি (HIV)।
৭৭. আমাশয় রোগ কোন্ এককোষী প্রাণীর কারণে সৃষ্টি হয়?
উত্তর : এন্ট্যামিবা হিস্টোলাইটিকা।
৭৮. ডায়াবেটিক রোগ কোন্ হরমোনের অভাবে হয়ে থাকে?
উত্তর : ইন্স্যুলিন।
৭৯. রাতকানা রোগ হয় কোন্ ভিটামিনের অভাবে?
উত্তর : ভিটামিন 'এ'।
৮০. কোন্ মশার কামড়ে ডেঙ্গুজ্বর নামক মারাত্মক রোগের সৃষ্টি হয়?
উত্তর : এডিস মশা।

৮১. বিশ্বের সবচেয়ে উষ্ণতম স্থান কোন্টি?
উত্তর : লিবিয়ার আযীযিয়া। এ স্থানের তাপমাত্রা ১৩৬ ডিগ্রী ফারেনহাইট।
৮২. বিশ্বের সবচেয়ে শীতলতম স্থান কোন্টি?
উত্তর : অ্যান্টার্কটিকার ভোস্টক। এ স্থানের তাপমাত্রা মাইনাস ১২৬.৯ ডিগ্রী ফারেনহাইট।
৮৩. বিশ্বের সবচেয়ে নদীবহুল দেশ কোন্টি?
উত্তর : বাংলাদেশ।
৮৪. বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহরে কোন্টি?
উত্তর : ঢাকা।
৮৫. সবচেয়ে দ্রুততম গ্রহ কোন্টি?
উত্তর : বুধ।
৮৬. বিশ্বের বৃহত্তম গম্বুজ কোন্টি?
উত্তর : টেক্সাসের হিউস্টনে অবস্থিত অ্যাসট্রোডোম।
৮৭. বিশ্বের বৃহত্তম নৌবহর কোন্টি?
উত্তর : যুক্তরাষ্ট্র নৌবাহিনীর সপ্তম নৌবহর।
৮৮. বিশ্বের বৃহত্তম স্থলজ জন্তু কোন্টি?
উত্তর : হাতি (আফ্রিকান হাতি)।
৮৯. বিশ্বের বৃহত্তম হীরক খনি কোন্টি?
উত্তর : কিম্বার্লি, দক্ষিণ আফ্রিকা।
৯০. বিশ্বের বৃহত্তম কৃত্রিম হ্রদ কোন্টি?
উত্তর : লেকমিয়াড (বোল্ডার বাঁধ)।
৯১. বিশ্বের বৃহত্তম মসজিদ কোন্টি?
উত্তর : মরক্কোর কাসাব্লাংকার ভাসমান মসজিদ।
৯২. বিশ্বের বৃহত্তম উপদ্বীপ কোন্টি?
উত্তর : আরব উপদ্বীপ।
৯৩. সবচেয়ে দীর্ঘতম রেলসেতু কোন্টি?
উত্তর : যুক্তরাষ্ট্রের লুসিয়ানার হুয়ে পিলভ সেতু।
৯৪. বিশ্বের সবচেয়ে বড় ঘড়ি কোথায়?
উত্তর : মক্কা ঘড়ি। যা মক্কা মুকাররমায় অবস্থিত।
৯৫. বিশ্বের সর্বোচ্চ টাওয়ার কোনটি?
উত্তর : বুর্জ দুবাই। আরব আমিরাতের দুবাইয়ে অবস্থিত।

মেধা পরীক্ষা (ইংরেজী)

১. 'বাংলাদেশে' একবার দেখা, 'ইন্ডিয়াতে' নেই
'আমেরিকাতে' একবার দেখা, 'সৌদী আরবে' নেই।

উত্তর : Bangladesh, India, America, Saudi Arabia- এর মধ্যে ইংরেজী অক্ষর- E.

২. 'অতীতে' ছিল না 'বর্তমানে' দুই 'ভবিষ্যতে' এক, এর সঠিক উত্তর চাই।

উত্তর : Past, Present, Future- এর মধ্যে ইংরেজী অক্ষর- E .

৩. 'শীতকালে' আসে না 'গ্রীস্মকালে' দুইবার
'বসন্তকালে' আসে না 'শরৎকালে' একবার।

উত্তর : Winter, Summer, Spring, Autumn- এর মধ্যে ইংরেজী অক্ষর- M

৪. 'বছরে' একবার আসে, 'মাসে' আসে না
'সপ্তাহে' দুইবার আসে, 'দিনে' আসে না।

উত্তর : Year, Month, Week, Day- এর মধ্যে ইংরেজী অক্ষর-E.

৫.'টেবিলে' একবার আছে, 'খাটে' নেই
'চেয়ারে' একবার আছে, 'বেঞ্চে' নেই।

উত্তর : Table, Cot, Chair, Bench- এর মধ্যে ইংরেজী অক্ষর- A.

৬. এমন একটি জিনিস, যা মাথায় আছে, হাতে আছে এবং হৃদয়ে আছে কিন্তু শরীরে নেই। ঐ জিনিসটির নাম কি?

উত্তর : ইংরেজী অক্ষর 'H' (যেমন- Head Hand Heart & Body.)

৭. ঢাকায় দু'বার দেখা, খুলনায় এক, যশোরে নেই, রাজশাহীতে দু'বার দেখা, পাবনায় দুই, সিলেটে নেই। জিনিসটির নাম কি?

উত্তর : ইংরেজী অক্ষর "A" (যেমন- Dhaka, Khulna, Jessore, Rajshahi, Pabna & Sylhet).

৮. নিম্নের অক্ষর ৪টির পরে ইংরেজী ৩টি একই অক্ষর বসিয়ে ৪টি অর্থবোধক শব্দ তৈরী কর। (ক) Y (খ) D (গ) N (ঘ) H.

উত্তর : "Ear" যেমন- Year, Dear, Near, Hear.

৯. E এবং Q এর মধ্যেবর্তী অক্ষরটি নির্ণয় কর।

উত্তর : মধ্যবর্তী অক্ষর K.

মেধা পরীক্ষা (ইংরেজী)

১০. পাঁচ অক্ষরের এমন একটি জিনিস [illegible] রয়,
প্রথম অক্ষর বাদ দিলে মাথায় চলে যায়
দ্বিতীয় অক্ষর বাদ দিলে পৃথিবীর সর্বত্র ঘুরে বেড়ায়
জিনিসটির নাম কি ভাই?

উত্তর : Chair, Hair, Air.

১১. ছয় অক্ষর বিশিষ্ট শব্দ অর্থ অতি আপন
প্রথম অক্ষর বাদ দিলে 'অপর' অর্থ হয় তখন।

উত্তর : Mother, Other.

১২. চার অক্ষরের শব্দ একটি হিংস্র প্রাণীর নাম
প্রথম অক্ষর বাদ দিলে হয় কোন একটি অংগের নাম।

উত্তর : Bear, Ear.

১৩. চার অক্ষরের একটি শব্দে সৌরজগতের অগণিত বস্তু বুঝায়, প্রথম অক্ষর বাদ দিলে অতি কালো দ্রব্যে পরিণত হয়।

উত্তর : Star, Tar.

১৪. চারটি অর্থবোধক একটি ইংরেজী শব্দ লিখ।

উত্তর : Capital. (রাজধানী, মূলধন, প্রধান ও বড় হাতের অক্ষর)।

১৫. এমন একটি দেশের রাজধানীর নাম বল, যা লিখতে ইংরেজী 'O' অক্ষরটি তিনবার ব্যবহৃত হয়।

উত্তর : শ্রীলঙ্কার রাজধানী Colombo.

১৬. 'Double Vowel' বিশিষ্ট চার অক্ষরের ৩টি অর্থবোধক শব্দ তৈরি কর।

উত্তর : Cook, Wood, Deer.

১৭. 'Double Consonant' বিশিষ্ট তিন অক্ষরের ৩টি অর্থবোধক শব্দ তৈরি কর।

উত্তর : Egg, Ass, Add.

১৮. 'Double Vowel' বিশিষ্ট তিন অক্ষরের ৫টি অর্থবোধক শব্দ তৈরি কর।

উত্তর : Bee, See, Fee, Zoo, Too.

১৯. 'Vowel' বর্জিত তিন অক্ষরের ৫টি অর্থবোধক শব্দ লিখ।

উত্তর : Sky, Why, Try, Cry, Fly.

২০. এমন দু'টি অর্থবোধক শব্দ তৈরি কর যার মধ্যে ৫টি 'Vowel' বিদ্যমান আছে।

উত্তর : Education, Dialogue.

২১. এমন একটি অর্থবোধক বাক্য তৈরী কর, যার মধ্যে ২৬টি ইংরেজী বর্ণমালা আছে।
উত্তর : A Quick brown fox jumps over the lazy dog.
২২. নগরে আছে, শহরে নেই, গ্রামে আছে, দেশে নেই।
উত্তর : ইংরেজী অক্ষর 'I' (আই) City, Town, Village, Country.
২৩. 'NEWS" শব্দের উৎপত্তি বল?
উত্তর : চারদিক থেকে (N-North, E-East, W-West, S-South).
২৪. চার অক্ষরের এমন তিনটি শব্দ তৈরী কর, যার প্রথম অক্ষর 'F' হবে এবং শেষ অক্ষর 'R' হবে। প্রতিটি শব্দে কমপক্ষে দু'টি 'Vowel' থাকবে।
উত্তর : শব্দ তিনটি- 'Fear, Four, & Fair.
২৫. অনুগ্রহে দুইবার আসে, ধন্যবাদে নেই, স্বাগতমে দুইবার আসে, ক্ষমা করলে দুই।
উত্তর : ইংরেজী অক্ষর E-(Please, Thank, Welcome, Excuse).
২৬. চার অক্ষর বিশিষ্ট এমন তিনটি ইংরেজী অর্থবোধক শব্দ তৈরী কর যার প্রথম ও তৃতীয় বর্ণ Consonant এবং দ্বিতীয় ও চতুর্থ বর্ণ Vowel.
উত্তর : Love, Live & Same.
২৭. "Ask" শব্দের উৎপত্তি বল?
উত্তর : A=Attitude ভাবপ্রবণতা। S= Skill দক্ষতা এবং K= Knowledge জ্ঞান।
২৮. "Attendance" শব্দ দ্বারা তিনটি অর্থবোধক শব্দ তৈরী কর (অক্ষরের ক্রমানুসারে) এবং শব্দ তিনটির অর্থ বল?
উত্তর : At- প্রতি, Ten- দশ, Dance- নাচা।
২৯. যদি C = ৩ এবং I = ৯ হয়, তবে Y = কত হবে?
উত্তর : Y = ২৫ হবে।

মেধা পরীক্ষা (অংক)

১. এমন তিনটি সংখ্যা বের কর যাদের যোগফল ও গুণফল সমান?
উত্তর : সংখ্যা তিনটি ১,২ ও ৩।
২. বাংলাদেশ ও ভারতের সময়ের পার্থক্য এক দিনে আধা ঘণ্টা, ৩৬৫ দিন পরে কত পার্থক্য হবে?
উত্তর : আধা ঘণ্টা।
৩. একজন হাফেয ছাহেব একটি কুরআন খতম করেন ৭ দিনে, ঐরূপ ১৩ জন হাফেয ছাহেব তেরটি কুরআন খতম করতে কত দিন লাগবে?
উত্তর : ৭ দিন।
৪. কোন সংখ্যাকে তার সমান বৃদ্ধি করলে ৭ এর স্থলে ১৭ হয়। সংখ্যাটি কত?
উত্তর : সংখ্যাটি ৫।
৫. **'আত-তাহরীক'** পত্রিকার ৫ গুণের ৪ গুণ যদি ১৬০ পৃষ্ঠা হয়, তবে অক্টোবর'৯৭ মাসের পত্রিকাটি কত পৃষ্ঠার?
উত্তর : ৪০ পৃষ্ঠার।
৬. একজন ইমাম ছাহেব আয়নার মধ্যে একটি ঘড়ি দেখলেন, তাতে ৯টা বাজতে ১০ মিনিট বাকী। প্রকৃতপক্ষে ঐ ঘড়িতে সময় কত?
উত্তর : ৩টা ১০ মিনিট।
৭. মাসিক **'আত-তাহরীক'** পত্রিকা পাঠানোর জন্য ১৬ হাত একটি রশি আনা হ'ল। এখন একে সমান আট ভাগে ভাগ করতে হবে। কিন্তু রশিটা যদি ২ হাত অন্তর কাটা হয় তবে কতবার কাটা লাগবে?
উত্তর : ৭ বার।
৮. রাস্তা দিয়ে দু'জন হেঁটে যাচ্ছে। অন্য একজন লোক পথিমধ্যে তাদের একজনকে জিজ্ঞেস করছে- 'আগে আগে যায়, পিছে পিছে চায়, ও তোমার কি হয়?
সে উত্তর দিল- কি বলব রয়ে, বেলা যায় বয়ে
ওর বাপ বিয়ে করেছে মোর বাপের মেয়ে'।
তাদের সম্পর্ক নির্ণয় কর?
উত্তর : ভাগ্নে ও মামা।
৯. দশ টাকা, পাঁচ টাকা এবং এক টাকার মোট ২১ খানা নোট দিয়ে সোনামণিরা তৈরী কর ১১০ টাকার **'তাহরীক'** এর বার্ষিক গ্রাহক হ'য়ে।
উত্তর : ১০ টাকার নোট ৫ খানা = ৫০ টাকা
৫ টাকার নোট ১১ খানা = ৫৫ টাকা
১ টাকার নোট ৫ খানা = ৫ টাকা

মোট ২১ খানা = ১১০ টাকা।

১০. নওদাপাড়া মাদরাসার বারান্দায় একজন মাওলানা, একজন মুহাদ্দিছ, একজন মাষ্টার এবং একজন হাফেয ছাহেব দাঁড়িয়ে ছিলেন। মাওলানা ছাহেব হাফেয ছাহেবের ডাইনে, মুহাদ্দিছ ছাহেব মাওলানা ছাহেবের ডাইনে এবং মাষ্টার ছাহেব মুহাদ্দিছ এবং মাওলানা ছাহেবের বামে দাঁড়িয়ে ছিলেন। তাঁদের কেউ স্থান পরিবর্তন না করলে বাম দিক থেকে ক্রমানুসারে তাঁদের স্থান নির্ণয় কর।

উত্তর : বাম দিক থেকে ১ম হাফেয ছাহেব
" " " ২য় মাষ্টার ছাহেব
" " " ৩য় মাওলানা ছাহেব
" " " ৪র্থ মুহাদ্দিছ ছাহেব।

১১. একটি বড় বাক্সের মধ্যে ৪টি বাক্স আছে। ঐ চারটি বাক্সের প্রত্যেকটিতে ছোট ছোট ৪টি করে বাক্স আছে। বড়টি বাদে সর্বমোট কয়টি বাক্স আছে?

উত্তর : ২০টি।

১২. নওদাপাড়া মাদরাসার একজন 'সোনামণি'র জন্ম তারিখ প্রতি ৪ বছর পর ঘুরে আসলে তার প্রকৃত জন্ম তারিখ কত হবে?

উত্তর : ২৯ শে ফেব্রুয়ারী।

১৩. ৮টি ৮ দিয়ে যেকোন ভাবে ১০০০ তৈরী করতে পার কি? প্রমাণ করে দেখাও।

উত্তর : ৮৮৮ + ৮৮ + ৮ + ৮ + ৮ = ১০০০।

১৪. দু'টি সংখ্যার ১০ গুণের অন্তর (বিয়োগ ফল) ছোট সংখ্যাটির ১০ গুণ অপেক্ষা কম। সংখ্যা দু'টি কত? (সংখ্যা দু'টি মৌলিক হ'তে হবে)।

উত্তর : সংখ্যা দু'টি ৭ ও ১৩।

১৫. ২, ৫, ১৪, ৪১, ১২২ হ'লে এর পরবর্তী সংখ্যাটি কত হবে?

উত্তর : পরবর্তী সংখ্যা ৩৬৫ (প্রতিবারে ৩ গুণ, ১ বিয়োগ)।

১৬. ২৫ হাত লম্বা একটি দড়ি (রশি) ৫ হাত অন্তর কাটলে কতবার কাটতে হবে?

উত্তর : ৪ বার।

১৭. ৮০ হাত দীর্ঘ একটি জমির একধার দিয়ে ৫ হাত অন্তর গাছ লাগালে মোট কয়টি গাছ লাগবে?

উত্তর : ১৭টি গাছ।

১৮. এমন একটি সংখ্যা বের কর, যা দু'বার ব্যবহার করলে প্রাপ্ত যোগফল তাদের গুণফল হ'তে ১ বেশী হবে?

উত্তর : সংখ্যাটি ১।

১৯. এমন দু'টি সংখ্যা বের কর, যাদের গুণফল তাদের যোগফল হ'তে ১ বেশী?

উত্তর : সংখ্যা দু'টি ২ ও ৩।

২০. ১ হ'তে ১০০ পর্যন্ত কয়টি শূন্য ও কয়টি পাঁচ আছে?

উত্তর : ১১টি শূন্য ও ২০টি পাঁচ।

২১. তাবলীগী ইজতেমা'৯৮ সফল করার জন্য নওদাপাড়া মাদরাসার মাঠে একটি সারিতে কয়েকজন স্বেচ্ছাসেবক দাঁড়িয়ে আছে। শেষ দিক গুণে যদি মাঝের একজন স্বেচ্ছাসেবকের ক্রমিক নং ৭ হয়, তবে ঐ সারিতে মোট কতজন স্বেচ্ছাসেবক আছে?

উত্তর : ১৩ জন।

২২. সুন্দরবনের সবচেয়ে সুন্দর প্রাণী হরিণ এবং বাংলাদেশের জাতীয় পাখি দোয়েল। একস্থানে তাদের ২০টি মাথা এবং ৪৮টি পা থাকলে সেখানে কয়টি হরিণ এবং দোয়েল পাখি ছিল।

উত্তর : ৪টি হরিণ এবং ১৬টি দোয়েল পাখি।

২৩. নওদাপাড়া মাদরাসার একজন শিক্ষকের হাতঘড়ি প্রতি ৫৯.৫ মিনিটে ঠিক করতে হয়। তাঁর হাতঘড়িটি দ্রুতগামী, না স্থিরগামী?

উত্তর : দ্রুতগামী (Fast).

২৪. একটি গাছের পাখি উড়ন্ত এক ঝাঁক পাখিকে জিজ্ঞেস করল, তোমরা কতগুলি যাচ্ছ? উত্তরে বলল, আমরা যত, আমাদের সামনে তত এবং পিছনে পোয়া, তোমাদের দিয়ে পুরাবো শ'।

উত্তর : ৪৪টি (৪৪+৪৪+১১+১=১০০)।

২৫. একটি কলমিলতা পুকুর পাড়ি দিবে। লতাটি প্রথম দিনে বৃদ্ধি পেয়ে যতদূর যায় দ্বিতীয় দিনে তার দ্বিগুণ যায়। এভাবে ৯ দিনে পুকুরের অর্ধেক গেল। বাকী অর্ধেক যেতে আর কতদিন লাগবে?

উত্তর : ১ দিন।

২৬. একটি ত্রিভুজ এঁকে প্রতি লাইনে ৪টি করে সংখ্যা বসাও। যার প্রতি লাইনের যোগফল হবে ১৭। প্রমাণ করে দেখাও।

উত্তর :

২৭. কোন একটি সংখ্যাকে ১ হ'তে ৯ পর্যন্ত যে কোন সংখ্যা দ্বারা গুণ করে গুণফলের প্রাপ্ত সংখ্যা দু'টিকে পাশাপাশি লিখে যোগ করলে যোগফল প্রতি ক্ষেত্রে ৯ হবে। সংখ্যাটি কত? ন্যূনতম দু'টি উদাহরণসহ প্রমাণ করে দেখাও।

উত্তর : ৯; ৯×২=১৮, ১+৮=৯। ৯×৮= ৭২, ৭+২=৯।

২৮. ধুরইল মাদরাসার একটি শ্রেণীতে ৫৫ জন ছাত্র-ছাত্রী পড়াশুনা করে। ঐ শ্রেণীতে তুলনামূলকভাবে ১৫ জন ছাত্র বেশী আছে। ছাত্র সংখ্যা কত?

উত্তর : ৩৫ জন (৫৫-১৫=৪০÷২=২০+১৫=৩৫)

২৯. একটি মাদরাসায় ৯৯ হাত পুকুরের পাড় আছে। ৯ হাত অন্তর গাছ লাগালে ৯৯ হাত জায়গায় মোট কয়টি হাছ লাগানো যাবে?

উত্তর : ১২টি (৯৯÷৯=১১+১=১২)।

একটুখানি বুদ্ধি খাটাও/ধাঁধা

১. আমি থাকি বিশ্বময়, জ্ঞানীগুণীর বক্ষময়,
ভাঙ্গা আমার দেহখানি, তৃষ্ণা মিটায় কালোপানি,
টুপি থাকে মাথার পরে, দাঁত দিয়ে মোর অশ্রু ঝরে।

উত্তর : কলম।

২. চলিতে চলিতে তার চলা হ'ল ভার
মাথাটি কাটিয়া দিলে চলে আবার।

উত্তর : পেন্সিল।

৩. গাছ নেই তার আছে শুধু পাতা,
মুখ নেই তার বলে শুধু কথা।
বুদ্ধি নেই তার আপন ধড়ে
বুদ্ধি বিলায় সে দ্বারে দ্বারে।

উত্তর : বই।

৪. পাখা নেই উড়ে চলে মুখ নেই ডাকে
বুক চিরে আলো ছুটে চিন কি তাকে?

উত্তর : মেঘ।

৫. তিন অক্ষরে নাম আছে এমন এক অঙ্গ দেশ
মধ্যের অক্ষর বাদ দিলে খেতে লাগে বেশ।

উত্তর : আসাম।

৬. শ্বেত পাথরের তৈরী সেথা ধবধবে সে পুরী,
সাদা বরণ সাদা গড়ন নেই কোন কারিগরি।
দরজাও নেই, জানালাও নেই, কোথাও নেই খোলা
বদ্ধ ঘরে পানির পরে ভাসে সোনার গোলা।
ক'দিন পরে হঠাৎ দেখি প্রাসাদখানি টুটে
বদ্ধ গোলা ছিন্ন করে বাইরে গেল ছুটে।

উত্তর : ডিম।

৭. "কল" এর মধ্যে দিলে পা, ভাগ্যের লিখন হবে তা।

উত্তর : কপাল।

একটু খানি বুদ্ধি খাটাও/ ধাঁধা

[illegible]
হাযার খানেক ঘর আর একটি ভিটা, থাকে গাছে লুকে।

উত্তর : মৌমাছি।

৯. উড়ে এসে জুড়ে বসে, দেখতে পাহাড়, করে ধান্দা
শত শত জীবন মারে করে না আহার, লেজ থাকে বান্ধা।

উত্তর : জাল।

১০. শুন হে সোনামণি, বল তার জন্মকালের কথা
এক হাযার তেঁতুল গাছে কত হাযার পাতা।

উত্তর : দুই হাযার।

১১. ১২ পাতার একটি বই সুন্দর করে বাঁধা
৩০ দিনে এক পাতা পড়ে তবু লাগে না ধাঁধা।

উত্তর : ক্যালেন্ডার।

১২. কালো মাথা সরু গা থাকে সবার বাড়ী
মায়ের শরীরে ঘষা দিলে জ্বলে উঠে তাড়াতাড়ি।

উত্তর : দিয়াশলাই।

১৩. কাঠের শরীর দেখতে ভাল ধারাল তার মুখ
গাছের সাথে যুদ্ধ করতে লাগে বড় সুখ।

উত্তর : কুঠার (কুড়াল)।

১৪. মানুষ খায়, গরু খায়, বাঘ-ভাল্লুক নয়
শহর-গ্রাম ঘুরে বেড়ায় চোর সে নয়
উড়ে চলে পেখম মেলে ময়ূরও সে নয়।

উত্তর : মশা।

১৫. তিন অক্ষরে শহরের নাম বাংলাদেশে বাস
মাঝের অক্ষর বাদ দিলে জলে করে বাস
শেষ অক্ষর বাদ দিলে মনে থাকে আশা
সকল অক্ষর মিলে অর্থ হয় নিরাশা।

উত্তর : পাবনা।

১৬. আগে ফল পরে ফুল কোন গাছে ফলে,
সোনামণিরা উত্তর দিতে যেও না যেন ভুলে।

উত্তর : কদম গাছ।

১৭. জলে-স্থলে এমন এক প্রাণী করে বাস
জেগে কাটে ছ'মাস ঘুমিয়ে কাটে ছ'মাস।

উত্তর : কোলা ব্যাঙ।

১৮. সোনার বরণ ছয়টি চরণ
পেট কাটলে তার হয় না মরণ।

উত্তর : পিপিলিকা।

১৯. চার অক্ষরে এমন দু'টি (পরিচিত) নাম চাই
প্রতি অক্ষরে আকার থাকা চাই।

উত্তর : জাহানারা ও শাহানারা।

২০. দু'অক্ষরে এমন দু'টি শব্দ চাই
প্রতি অক্ষরে 'ইকার' থাকা চাই।

উত্তর : নিশি ও লিপি।

২১. পাঁচ অক্ষরের শব্দটি কোন্ সূরার কোন্ আয়াতে আছে
কত হিজরীর কোন্ মাসে এর বিধান আসে?

উত্তর : রামাযান (সূরা বাক্বারাহ ১৮৫, দ্বিতীয় হিজরীর শা'বান মাসে)।

২২. শুঁড় দিয়ে করি কাজ নই আমি হাতি
পরের উপকার করি তবু কেন খাই লাথি।

উত্তর : ঢেঁকি।

২৩. ডান দিকে ঘুরান দিলে মুখটি দেয় খুলে
বাম দিকে ঘুরান দিলে সোজা থাকে ঝুলে।

উত্তর : তালা।

২৪. মা হচ্ছে ঝাঁকড়া, মেয়ে হচ্ছে লাল
সঠিক উত্তর দিতে পার কি সোনামণির দল।

উত্তর : পাকা মরিচ।

২৫. দেশ আছে মাটি নেই
নদী আছে পানি নেই।

উত্তর : মানচিত্র।

২৬. সাগর-নদী কিছু নেই তবু কেন ঢেউ
এমন মজার জিনিস দেখেছ কি কেউ?

উত্তর : ঢেউটিন।

২৭. ফাতেমা তোমার কি হয়, সে যদি তোমার দাদার একমাত্র ছেলের মেয়ে হয়?

উত্তর : আপন বোন।

২৮. আমার আব্বা তোমার খালাতো ভাইয়ের ছোট ভাই, তুমি আমার কি হও?

উত্তর : চাচা।

৯. 'ক' ও 'খ' যদি 'অ'-এর আব্বা-আম্মা হয় এবং 'অ' যদি 'ক' ও 'খ'-এর ছেলে না হয়, তবে কি হবে?

উত্তর : মেয়ে।

৩০. বৃদ্ধ লোকটির ছেলে আমার ছেলের চাচা, বৃদ্ধ লোকটি আমার কি হয়?

উত্তর : পিতা।

৩১. খাদীজা সালমার চেয়ে বেশী সুন্দরী, আবার আয়েশা যদি খাদীজার চেয়ে বেশী সুন্দরী হয়, তবে কে বেশী আর কে কম সুন্দরী?

উত্তর : আয়েশা বেশী সুন্দরী, আর সালমা কম সুন্দরী।

৩২. একই রকম হাত পা তারা আপন দু'টি ভাই
আদরের সোনামণি বল দেখি ভাই।

উত্তর : ধাঁধা ।

৩৩. এক শিং বার ঠ্যাং কোন্ প্রাণীর আছে
জলেতে বাস করে ডিম পাড়ে গাছে।

উত্তর : চিংড়ীমাছ।

৩৪. অল্প দিলে হয় না মজা, বেশী দিলে বিষ,
সোনামণির দাদা বলে গেছে আন্দাজ করে দিস।

উত্তর : লবণ।

৩৫. তিন অক্ষরের নাম তার মেয়েদের কাছে থাকে,
মাঝের অক্ষর কেটে দিলে কিছুই বলে না তাকে।

উত্তর : ওড়না।

৩৬. আঁধার ঘরে বসে থাকে সারাদিন নাচে,
নিষেধ করে না-না বললে আরও বেশী নাচে।

উত্তর : জিহ্বা।

৩৭. বলতো সোনামণি, ফাতেমা তোমার কি হয়? সে যদি তোমার দাদার একমাত্র ছেলের মেয়ে হয়।

উত্তর : আপন বোন।

৩৮. রেল লাইন আছে সেথা, চলে নাকো গাড়ী,
বড় বড় রাজপথ আছে, নেই কোন বাড়ী।
নদ-নদী সাগর আছে, নেই কোন পানি,
গাছ-বৃক্ষ তরু-লতা কিছুই নাই জানি।
উত্তর : মানচিত্র।
৩৯. জলে স্থলে উভয়েতে কেবা করে বাস
কলসের মাঝে দেখ, থাকে বার মাস।
কলমের পেটে থাকে, কালি কিন্তু নয়
খুলনায় খুঁজলে পাবে ইহার পরিচয়।
উত্তর : 'ল'।
৪০. সাগরেতে জন্ম লোকালয়ে বাস
মায়ে ছুলে ছেলে মরে একি সর্বনাশ।
উত্তর : লবণ।
৪১. তিন অক্ষরে নাম মোর, সবাই ভালবাসে
আমার নিয়ে কেউবা কাঁদে, কেউবা শুধু হাসে।
উত্তর : জীবন।
৪২. নহি আমি বৃক্ষ তবু শাখা আছে মোর
সব সময় থাকি মাথায় ওপর।
উত্তর : হরিণের শিং।
৪৩. কুরআন-কিতাবে থাকি আমি কুদরতেরও সাথে
হয় না মাখলূক্ব আমায় ছাড়া বসি কলমেরও সাথে।
উত্তর : ক্বাফ।
৪৪. চার অক্ষরে নামটি তাঁহার আছে কুরআনেতে
প্রথম অক্ষর বাদ দিলে প্রশংসা হয় তাতে।
দ্বিতীয় অক্ষর বাদ দিলে সাহায্য হয় দেশে
তৃতীয় অক্ষর বাদ দিলে আরশে গিয়ে বসে।
উত্তর : আহমাদ।
৪৫. মাসে আসে মাসে যায়, তিন অক্ষরে নামটি তার
দিনে যায় না, রাতে যায়, ভাবো একবার।
উত্তর : ছওম।

৪৬. দুই অক্ষরে নাম তার এমন একটি শব্দ
দুইদিনের আনন্দে ভরা চলে গেলে স্তব্ধ।
উত্তর : ঈদ।
৪৭. ইংরেজী অক্ষর A হচ্ছে B-এর পিতা। B অক্ষর কিন্তু A অক্ষরের ছেলে না, তবে কি হবে?
উত্তর : মেয়ে।
৪৮. একহাত গাছটি, ফল তার পাঁচটি
নামগুলি জান কি, আদরের সোনামণি?
উত্তর : হাতের আঙ্গুল।
৪৯. দশ ভাইয়ে ধরে এনে দুই ভাইয়ে মারে
এমন কোন মেয়ে আছে কি যা সহ্য করে?
উত্তর : উঁকুন।
৫০. পাঁচ অক্ষরে এমন একটি দেশের নাম বল
মাঝের অক্ষর বাদ দিলে হয় খাবার দু'টি ফল।
উত্তর : বেলজিয়াম।
৫১. বাঁশ কেটে, মাটি কেটে লাগালাম চারা
ফুল নেই, ফল নেই, পাতা মাত্র সারা।
উত্তর : পান।
৫২. শিশুকালে কালো মানিক, যৌবনেতে লাল
বৃদ্ধ বয়সে সাদা, সোনামণি জান কি তার হাল?
উত্তর : কয়লা।

১. একজন কৃষক ১০টি আমের চারা প্রতি লাইনে চারটি করে ৫ লাইনে কিভাবে লাগাবে? প্রমাণ করে দেখাও।

উত্তর : ☆

২. তিনটি ম্যাচের কাঠি দিয়ে যেকোন ভাষায় ৯ লিখে প্রমাণ করে দেখাও।

উত্তর : IX.

৩. তিনটি জিনিষকে একটি অস্ত্র দিয়ে একবার কাটলে ৯ টুকরো হবে। জিনিষ তিনটি ও অস্ত্রের বর্ণনা দাও।

উত্তর : কলা তিনটি। অস্ত্র-ষ্টীলের গ্লাস।

৪. এক মণ লোহা ও তুলার মধ্যে কোন্‌টির ওজন বেশী? উপর থেকে ছেড়ে দিলে কোন্‌টি আগে মাটিতে পড়বে?

উত্তর : সমান। লোহা।

৫. একটি বৈদ্যুতিক ট্রেন পূর্বদিক থেকে পশ্চিম দিকে যাচ্ছে। দক্ষিণা বাতাস বইছে। এমতাবস্থায় ট্রেনের ধোঁয়া কোনদিকে যাবে?

উত্তর : ধোঁয়া-ই নেই।

৬. একটি বায়ুশূন্য ঘরে এক টুকরো কাগজ ও এক টুকরো পাথর উপর থেকে একই সঙ্গে ফেলে দিলে কোন্‌টি আগে পড়বে?

উত্তর : একই সঙ্গে পড়বে।

৭. একটি ছেলের সামনে একটি ছেলে, একটি ছেলের পিছনে একটি ছেলে, দু'টি ছেলের মাঝে একটি ছেলে, ঐ দলে মোট কয়টি ছেলে আছে?

উত্তর : ঐ দলে ৩ জন ছেলে আছে।

৮. একজন বাদশা, বেগম, মন্ত্রী এবং মন্ত্রীর বোন একসঙ্গে ভাত খাবেন। কিন্তু থালা ৩টি। কিভাবে সম্ভব? (কেউ আগে বা পরে বসতে পারবেন না)।

উত্তর : মন্ত্রীর বোনই বাদশার বেগম।

৯. একজন বোবাকে জিজ্ঞেস করা হ'ল, তুমি কিভাবে পানি পান কর? সে ইশারায় হাত দিয়ে দেখাল। তারপর একজন অন্ধকে জিজ্ঞেস করা হ'ল, চুল কিভাবে কাটা হয়? সে কিভাবে উত্তর দিবে?

উত্তর : মুখে উত্তর দিবে।

১০. চার অক্ষরের এমন একটি অর্থবোধক শব্দ তৈরী কর, যা থেকে দুই অক্ষর বাদ দিলেও চার থাকে।

উত্তর : চারদিক।

১১. এমন একটি জিনিসের নাম বল যা মানুষকে অমানুষ বানায়।

উত্তর : 'অ' অক্ষর।

১২. কোন্ জিনিস হারিয়ে গেলে আর কোনদিন ফেরত পাওয়া যায় না?

উত্তর : সময়।

১৩. এমন কোন্ জিনিস যা ডান হাত দিয়ে ধরা গেলেও বাম হাত দিয়ে ধরা যায় না?

উত্তর : বাঁ হাতের কনুই।

১৪. কোন্ জিনিস সব সময় তোমার সামনে থাকে, তবুও তুমি দেখতে পাও না?

উত্তর : ভবিষ্যৎ।

১৫. স্বাভাবিক অবস্থায় আমাদের ঘড়ি এবং পাহাড়ের উপর অথবা মাটির নীচে খনিতে রাখা ঘড়ি কি একই সময় দিবে? দ্রুতগতিসম্পন্ন (Fast) হবে, না ধীরগতি (Slow) সম্পন্ন হবে?

উত্তর : ধীর গতিসম্পন্ন (Slow)।

সংগঠন বিষয়ক

১.'**সোনামণি**' সংগঠনের নামকরণ পবিত্র কুরআনের কোন্ সূরার কত নং আয়াতের আলোকে এবং কে করেন? এ সংগঠনের প্রতিষ্ঠাকাল কত?
উত্তর : সূরা হজ্জ-এর ২৩ ও ২৪ নং আয়াতের আলোকে **'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'**-এর মুহতারাম আমীর **প্রফেসর ড. মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব 'সোনামণি'** সংগঠনের নামকরণ করেন। প্রতিষ্ঠাকাল : ১৯৯৪ সালের ২৩শে সেপ্টেম্বর রোজ শুক্রবার ।
২. **'সোনামণি'** সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য কি?
উত্তর : শিশু-কিশোরদের মধ্যে ইসলামী চেতনা সৃষ্টি ও তদনুযায়ী জীবন ও সমাজ গড়ে তোলার মাধ্যমে আল্লাহ্র সন্তুষ্টি অর্জন করা।
৩. **'সোনামণি'** সংগঠনের মূলমন্ত্র কি? কুরআনের কোন্ সূরার কত নং আয়াতের আলোকে এ মূলমন্ত্র নির্ধারণ করা হয়েছে?
উত্তর : 'রাসূলুল্লাহ (ছাঃ)-এর আদর্শে নিজেকে গড়া'। সূরা আহযাব ২১ নং আয়াতের আলোকে।
৪. যেলা পরিচালনা পরিষদ-এর উপদেষ্টাদ্বয় কারা হবেন?
উত্তর : 'সোনামনি' যেলা পরিচালনা পরিষদ-এর প্রধান উপদেষ্টা ও উপদেষ্টা হবেন যথাক্রমে **'আন্দোলন'** ও **'যুবসংঘে'র** যেলা সভাপতিদ্বয়।
৫. **'সোনামণি'** সংগঠনের প্রতিষ্ঠতা ও প্রধান পৃষ্ঠপোষকের নাম কী?
উত্তর : প্রফেসর ড : মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব, আমীর, **'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'।**
৬. **'সোনামণি'** সংগঠনের প্রথম কেন্দ্রীয় পরিচালকের নাম কী?
উত্তর : মুহাম্মদ আযীযুর রহমান।
৭. **'সোনামণি'** সংগঠনের কেন্দ্রীয় কমিটি প্রথম কোথায় গঠন করা হয়?
উত্তর : আল-মারকাযুল ইসলামী আস-সালাফী, নওদাপাড়া, রাজশাহীতে।
৮. **সোনামণি**র বর্তমান (২০০৯-১১সেশন) 'কেন্দ্রীয় পরিচালনা পরিষদ' সদস্যদের নাম কি? **উত্তর :** কেন্দ্রীয় পরিচালক, ইমামুদ্দীন।
কেন্দ্রীয় সহ-পরিচালক (১) আব্দুর রশীদ।
" " " (২) আব্দুর রাযযাক।
" " " (৩) গোলাম কিবরিয়া।
" " " (৪) বযলুর রহমান।

১. ভাই-বোন-এর সংখ্যা বের করার অভিনব কৌশল

সূত্র : ১ম জন দ্বিতীয় জনকে মনে মনে তার ভাইয়ের সংখ্যা ধরতে বলবে, তারপর এর সঙ্গে ২ যোগ করতে বলবে। এবার যোগফলকে ৫ দ্বারা গুণ করে ফলাফলের সঙ্গে বোনের সংখ্যা যোগ করতে বলবে। সর্বমোট প্রাপ্ত ফলাফলটি ১ম জনকে জানাবে। এবার প্রথমজন দ্বিতীয় জনের ভাই-বোনের সংখ্যা বলে দিতে পারবে।

পদ্ধতি : সর্বমোট প্রাপ্ত সংখ্যাটিকে ৫ দ্বারা ভাগ করে যে সংখ্যাটি থাকবে। সেটি হবে বোনের সংখ্যা। আর ভাগফলের সাথে ২ বিয়োগ করে যে সংখ্যাটি পাওয়ার যাবে সেটি হবে ভাইয়ের সংখ্যা।

যেমন-ধরি, ভাইয়ের সংখ্যা ৪ ও বোন ৩।

(৪+২)×৫+৩= ৩৩।

এখানে ৩৩ কে ৫ দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকবে ৩। আর অপরদিকে এটাই হবে বোনের সংখ্যা। ভাগফল হ'ল ৬। এবারে ৬ থেকে (পূর্বের যোগকৃত) ২ বিয়োগ করলে ৪ হবে। আর এ ৪ জনই হবে ভাই।

*তবে বোন ৫-এর বেশী হ'লে সূত্রটি সামান্য পরিবর্তন করতে হবে।

• ক্যালেন্ডার না দেখে ৩৬৫ দিনের বার বের করার অভিনব কৌশলঃ (শুধু ২০১১ সালের জন্য)

১। প্রথমে ইংরেজী ১২ মাসের নিম্নে প্রদত্ত মান মুখস্থ করতে হবে :

(ক) জানুয়ারী+অক্টোবর (জাঅ)-এর প্রত্যেকের মান= ৭

(খ) ফেব্রুয়ারী+মার্চ+নভেম্বর (ফেমান)-এর প্রত্যেকের মান= ৩

(গ) সেপ্টেম্বর+ডিসেম্বর (সেডি)-এর প্রত্যেকের মান= ৫

(ঘ) এপ্রিল+জুলাই (এজুল)-এর প্রত্যেকের মান= ৬

(ঙ) মে, আগস্ট, জুন (মেআজু)-এর প্রত্যেকের মান= ১, ২ ও ৪।

২। (ক) সূত্র : (মান+তারিখ) ÷ ৭

যেমন : মার্চ মাসের ৫ তারিখ কি বার?

উত্তর : আমরা জানি, মার্চ মাসের মান= ৩

অতএব, {(৩+৫) ÷৭}= ভাগফল ১ ও ভাগশেষ ১।

এখানে ভাগফলের কোন প্রয়োজন নেই। ভাগশেষ ১। তাই মার্চ মাসের ৫ তারিখ শনিবার।

(খ) ভাগশেষ ০ হ'লে শুক্রবার, ১ হ'লে শনিবার, ২ হ'লে রবিবার, ৩ হ'লে সোমবার, ৪ হ'লে মঙ্গলবার, ৫ হ'লে বুধবার এবং ৬ হ'লে বৃহস্পতিবার।

৩। উল্লেখিত নিয়মে যোগ করার পর যোগফল ৭ অথবা তার বেশী হ'লে ৭ দিয়ে ভাগ করবে এবং ৭-এর কম হ'লে ভাগ করার প্রয়োজন নেই। এমনিভাবে বছরের ৩৬৫ দিনের বার বলে দেওয়া সম্ভব।

১. মাদরাসা, শিক্ষক, ছাত্র-ছাত্রী, মামা, গবেষণাগার।

উত্তর : মামা।

২. লেখনী, কাগজ, তুলি, চা, কালি।

উত্তর : চা।

৩. আম্মা, ভাই, বোন, ভাগিনী, খালা।

উত্তর : ভাই।

৪. তেল, পানি, রস, গ্যাস, দুধ।

উত্তর : গ্যাস।

৫. নীল, সবুজ, সাদা, কালো, কমলা, লাল।

উত্তর : কমলা।

৬. বাংলাদেশ, পাকিস্তান, লন্ডন, আমেরিকা, সৌদীআরব।

উত্তর : লন্ডন।

৭. হাইড্রোজেন, অক্সিজেন, নাইট্রোজেন, পানি, ক্লোরিন।

উত্তর : পানি।

৮. রেশমী, টেট্রন, শার্ট, তুলা, কাঠ।

উত্তর : শার্ট।

৯. বাস, ট্রাক, ট্যাক্সি, ট্রাম, নৌকা।

উত্তর : নৌকা।

১০. লৌহ, মুদ্রা, তামা, দস্তা, সোনা।

উত্তর : মুদ্রা।

১. শব্দ অনুসন্ধান :

১			২			৩
					৪	
৫			৬			
		৭				৮
				৯		
		১০				
	১১					

শব্দ তৈরীর নীতিমালা :

❑ পাশাপাশি :

১. মধ্য এশিয়ার একটি দেশের নাম। **উত্তর :** সৌদী আরব।

৪. Fair- এর বাংলা রূপ। **উত্তর :** মেলা।

৫. আল্লাহ্‌র সৃষ্টি সুন্দর একটি ফুলের নাম। **উত্তর :** জবা।

৬. আল্লাহ্‌র ভাষায় 'আশরাফুল মাখলূক্বাত' যারা। **উত্তর :** মানুষ।

৭. হৃদয়ের মাঝে যার অবস্থান। **উত্তর :** মন।

৯. ইসলামের প্রথম স্তম্ভের নাম। **উত্তর :** কালেমা।

১১. হযরত মুহাম্মাদ (ছাঃ)-এর উপর নাযিলকৃত গ্রন্থের নাম।
উত্তর : আল-কুরআন।

❑ উপর-নীচ :

১. আল্লাহ্‌র আশ্চর্য সৃষ্টি যে পরিমণ্ডলের মধ্যে এ পৃথিবীও রয়েছে।
উত্তর : সৌরজগৎ।

২. আল্লাহ্‌র গুণবাচক একটি নাম। **উত্তর :** রহমান।

৩. ফুল দিয়ে তৈরী আকর্ষণীয় জিনিস বিশেষ। **উত্তর :** মালা।

৪. আরবদেশের একটি সুপরিচিত জন্তুর নাম। **উত্তর :** মেষ।

৮. আরবী ক্যালেন্ডারের একটি গুরুত্বপূর্ণ মাসের নাম। **উত্তর :** রামাযান।

৯. মুনকার-নাকীর-এর প্রশ্ন করার স্থানের নাম। **উত্তর :** কবর।

১০. একটি আরবী হরফের নাম। **উত্তর :** দাল।

২. শব্দ অনুসন্ধান :

শব্দ তৈরীর নীতিমালা :

❑ পাশাপাশি :

১. জামা'আতে ছালাতের নেতৃত্ব দানকারীর আরবী প্রতিশব্দ। **উত্তর :** ইমাম।

৩. তিন অক্ষরের যন্ত্রদানব। **উত্তর :** রোবট।

৪. একটি আরবী মাসের নাম। **উত্তর :** শা'বান।

৮. শক্তিশালী-এর তিন অক্ষরের অপর নাম। **উত্তর :** সবল।

৯. খারাপ কাজের প্রতিফলের নাম। **উত্তর :** গুনাহ।

১০. এক প্রকার ইবাদতের নাম। **উত্তর :** নফল।

❑ উপর-নীচ :

১. দালান তৈরীর প্রধান বস্তু। **উত্তর :** ইট।

২.বিরক্তিকর পতঙ্গ বিশেষ। **উত্তর :** মশা।

৩.মুসলমানদের বিশেষ ইবাদতকারীর নাম। **উত্তর :** রোযাদার।

৫.একজন প্রখ্যাত মুসলিম কবির নাম। উত্তর : নজরুল।

৬. রুকূ ও সিজদার দো'আর বিশেষ নাম। উত্তর : তাসবীহ।

৭. ফুল বাগান-এর প্রতিশব্দ। **উত্তর :** ফুলবন।

৩. শব্দ অনুসন্ধান :

	১	২	৩		
৪		৫			৬
		৭			
৮				৯	
		১০	১১		
	১২				

শব্দ তৈরীর নীতিমালা :

❑ পাশাপাশি :

১. বর্ণনা। **উত্তর :** বিবরণ।

৫. ইসলামের একটি রোকন। **উত্তর :** হজ্জ।

৭. নতুন। **উত্তর :** নব।

৮. নিয়ম। **উত্তর :** রীতি।

৯. চোখের পানি। **উত্তর :** অশ্রু।

১০. পরিপক্ক। **উত্তর :** পাকা।

১২. হোসাইন (রাঃ)-এর মৃত্যু স্থান। **উত্তর :** কারবালা।

❑ উপর-নীচ :

৪. বহুল প্রচলিত মাসিক পত্রিকা। **উত্তর : আত-তাহরীক**

২. কুলির কাজ। **উত্তর :** বহন।

৩. একটি আরবী মাস। **উত্তর :** রজব।

৬. ওয়াদা। **উত্তর :** প্রতিশ্রুতি।

১০. অতিক্রম। **উত্তর :** পার।

১১. মুসলমানদের পবিত্র স্থান। **উত্তর :** কা'বা।

১. লিল্লাহি তাকবীর
আল্লাহু আকবার।

২. সোনামণির দশটি গুণ
মেনে চলি সারাক্ষণ।

৩. কুরআন-হাদীছ পড়ব
সোনামণি করব।

৪.মুহতারাম আমীরে জামা'আত
আহ্লান সাহ্লান।

৫. সোনামণি সোনামণি
যিন্দাবাদ যিন্দাবাদ।

৬. সোনামণি করব
জীবনটাকে গড়ব।

৭. সমাজটাকে গড়ব
সোনামণি করব।

৮. দেশটাকে গড়ব
সোনামণি করব।

৯. আমরা সোনামণি
রাসূলের আদর্শ মানি।

১০. সোনামণি করব
সত্য কথা বলব।

২১. প্রধান অতিথির আগমন
শুভেচ্ছা স্বাগতম।

১১. কুরআন-হাদীছ মানি
আমরা সোনামণি।

১২. সোনামণির পক্ষ থেকে
আস্সালাম শুভেচ্ছা।

১৩. জীবন গড়ার শপথ নাও
সোনামণিতে যোগ দাও।

১৪. রাসূলের আদর্শে মানুষ হও
সোনামনিতে যোগ দাও।

১৫. সৎ ছেলে হব
সোনামণি কবর।

১৬. জামা'আতের সাথে ছালাত পড়
ছহীহ হাদীছ মতে জীবন গড়।

১৭. আউয়াল ওয়াক্তে ছালাত পড়
রাসূলের আদর্শে জীবন গড়।

১৮. নিজের কাজ নিজে কর
রাসূলের মত জীবন গড়।

১৯. পরিচালকের আগমন
শুভেচ্ছা স্বাগতম।

২০. সহ-পরিচালকের আগমন
শুভেচ্ছা স্বাগতম।

৩২. আল্লাহ্র আদেশ মানি
আমরা সোনামণি।

২২. আমরা ফুলের কুড়ি
সুন্দর জীবন গড়ি।

২৩. আমরা ফুলের কলি
দ্বীনের পথে চলি।

২৪. আমরা ফুলের কলি
সত্য কথা বলি।

২৫. আমরা ফুলের কলি
হাসি মুখে কথা বলি।

২৬. আমরা ফুলের কলি
মিথ্যা কথা না বলি।

২৭. এসো দেশ গড়ি
সোনামণি করি।

২৮. এসো হে নবাগত
শুভেচ্ছা স্বাগত।

২৯. ভুলি সব ভেদাভেদ
করি না কোন হিংসা- যিদ।

৩০. ফুলের মত সুবাস ছড়াও
সোনামণিতে যোগ দাও।

৩১. প্রধান পৃষ্ঠপোষকের আগমন
শুভেচ্ছা স্বাগতম।

৩৩. রাসূলের নির্দেশ মানি
আমরা সোনামণি।

৩৪. আমরা ফুটন্ত গোলাপ
হাসি মুখে করি আলাপ।

সোনামণির ইচ্ছা

এক দুই তিন
আল্লাহ তাওফীক দিন।
চার পাঁচ ছয়
আল্লাহকে করব ভয়।
সাত আট নয়
জ্ঞানার্জনে জয়।
একে শূন্য দশ
সত্য পথে যশ।
এগার বার তের
লেখ আর পড়।
চৌদ্দ পনের ষোল
সোনামণিতে চল।
সতের আঠার ঊনিশ
বন্ধুদের সালাম দিস।
দুই-এ শূন্য বিশ
দেখবো নাকো ডিশ।

সোনামণিদের ৫টি নীতিবাক্য ও ১০টি গুণাবলী

নীতিবাক্য ৫টি-

(১) সকল অবস্থায় আল্লাহ্‌র উপর ভরসা করি।
(২) রাসূলুল্লাহ ছাল্লাল্লা-হু আলাইহি ওয়া সাল্লামকে সর্বোত্তম আদর্শ হিসাবে গ্রহণ করি।
(৩) নিজেকে সৎ ও চরিত্রবান হিসাবে গড়ে তুলি।
(৪) ন্যায়ের আদেশ ও অন্যায়ের প্রতিরোধ করি।
(৫) আদর্শ পরিবার গড়ি এবং দেশ ও জাতির সেবায় নিজেকে উৎসর্গ করি।

গুণাবলী ১০টি-

(১) জামা'আতের সাথে আউয়াল ওয়াক্তে ছালাত আদায় করা।
(২) মাতা-পিতা, শিক্ষক ও মুরব্বী, পরিচিত-অপরিচিত সকল মুসলমানকে সালাম দেওয়া ও মুছাফাহা করা এবং মুসলিম-অমুসলিম সকলের সাথে হাসিমুখে কুশল বিনিময় করা।
(৩) ছোটদের স্নেহ করা ও বড়দের সম্মান করা। সদা সত্য কথা বলা, সর্বদা ওয়াদা পালন করা ও আমানত রক্ষা করা।
(৪) মিসওয়াক সহ ওযূ করে ঘুমানো ও ঘুম থেকে উঠে ভালভাবে মিসওয়াক সহ ওযূ করা এবং প্রত্যহ সকালে উন্মুক্ত বায়ু সেবন ও হালকা ব্যায়ামের মাধ্যমে স্বাস্থ্যবান হওয়া।
(৫) নিয়মিত পাঠ্যপুস্তক অধ্যয়ন করা এবং দৈনিক কিছু সময় কুরআন-হাদীছ ও ইসলামী সাহিত্য পাঠ করা।
(৬) সেবা, ভালবাসা ও আনুগত্যের মাধ্যমে নিজেকে আদর্শ হিসাবে গড়ে তোলা।
(৭) বৃথা তর্ক, ঝগড়া, মারামারি এবং রেডিও-টিভির বাজে অনুষ্ঠান ও অসৎ সঙ্গ এড়িয়ে চলা।
(৮) আত্মীয়-স্বজন ও পাড়া-প্রতিবেশীর সাথে সুন্দর ব্যবহার করা।
(৯) সর্বাবস্থায় আল্লাহ্‌র উপরে ভরসা রাখা এবং যে কোন শুভ কাজ 'বিসমিল্লাহ' বলে শুরু করা ও 'আলহামদুলিল্লাহ' বলে শেষ করা।
(১০) দৈনিক বাদ ফজর কমপক্ষে ১৫ মিনিট কুরআন তেলাওয়াত ও দীনিয়াত শিক্ষা করা।

সোনামণির ইচ্ছা
এক দুই তিন
আল্লাহ তাওফীক দিন।
চার পাঁচ ছয়
আল্লাহকে করব ভয়।
সাত আট নয়
জ্ঞানার্জনে জয়।
একে শূন্য দশ
সত্য পথে যশ।
এগার বার তের
লেখ আর পড়।
চৌদ্দ পনের ষোল
সোনামণিতে চল।
সতের আঠার ঊনিশ
বন্ধুদের সালাম দিস।
দুই-এ শূন্য বিশ
দেখবো নাকো ডিশ।